যথা অগ্নিহোত্র দ্বিজ, দীপ্ত রাথে অগ্নি নিজ,

—চির দীপ্ত রবে হুতাশন।

# উৎमर्ग ।

নরেশচন্দ্র দত্ত
 প্রিয়তমেযু—

# ভূমিকা। -----

এক্ষণকার ও পূর্ব্বে লিখিত কতকগুলি কবিতা একব্রিত করিয়া 'অক্ষকণা' প্রকাশিত হইল। অধিকাংশ কবিতা শোকসম্বন্ধীয় ব পলিয়া পুস্তকের নাম 'অক্ষ-কুণা' রহিল। সংসার স্থেরে অভি-লাবী, শোকাশ কি কাহারও ভাল লাগিবে ?

'ভারতী' এবং 'কল্পনাতে' ইহার কতকগুলি কবিতা পূর্বে প্রকাশিত হইলাড়ে।

এই পুতকের সম্পাদন-ভার হীর্কু অফ্রফ্রার বড়াগ লইরছেন। তিনি বথেষ্ট যত্ন এবং পরিশ্রমের সহিত কবিতাগুলি নুর্নাচন ও ভানে ভানে সংশোধন করিয়া দিয়াছেন। ভাহাতে বিহুশ্য উপ্রুত ইইয়াছি।

রচয়িত্রী।

# দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

খাঞ্কণা বধন প্রথম প্রকাশিত হয়, তধন মনে করি নাই যে, উহা জনসমাজে একপ আদৃত হইবে। যাহা হউক, সে বিষয়ে এককপ আশাতীত ফললাভ হইয়াছে বলিতে হইবে; শীঘ্রই অশ্রুকণার প্রথম সংস্করণ নিঃশেষিত হওয়ায়, দিতীয় সংস্করণ প্রকাশ করিতে বাধ্য হইলাম। প্রথম সংস্করণের মধ্য হইতে 'নবোঢ়া', 'যুবতী' প্রভৃতি কয়েকটি করিতা উঠাইয়া (অশ্রুকণার অন্তপ্যুক্ত বোদে) মৎপ্রণীত 'আভাষের' মধ্যে রাথিয়াছি, এবং তত্তৎস্থানে আর কয়েকটি নৃত্ন অশ্রুকণা স্মিবেশিত করিয়াছি; ইহার মধ্যে ছ্'একটি কবিতা, পূর্কে "ভারতী" ও "সাহিত্যে" বাহির হইয়াছিল।

অঞ্কণা পাঠ করিয়া জানৈক মাননীয় কবি একটি কবিতা লিখেন, উক্ত কবিতাটি পুতকের পরিশিট্ডরপে রহিল। কবি-তাটি প্রথম "ভারতীর" সমালোচনায় বাহির হয়।

নিত্লি পুস্তক বাঙ্গালা মুদায়ত্ব হইতে বাহির হয় কি না,
জানি না; অঞ্চকণা যদি পাঠকবর্ণের সন্ত্রপে ভ্রমশৃতাবস্থার
উপনীত হয়, তাহা "সাহিত্যের" স্কুযোগ্য সম্পাদক শ্রীন্ন্
স্কুরেশচন্দ্র সমাজপতির গুণেই হইয়াছে জানিবেন। তিনি, পুস্তক
মুদাঙ্গণসহকে বিশেষ যত্র লইয়াছেন ও শ্রম স্বীকার করিয়াছেন,
ভাহাতে যথেই উপক্রত হইয়াছি।

কলিকাতা, বহুবাজার। ২১শে অগ্রহারণ, সন ১২৯৮।

র খিত্রী।

# সূচী

		•		
উপহার	•••	,		5
<b>ক</b> বিতা			•••	.9
পূৰ্ক্ছায়া		•••		8
একটি বিধবার	থ <b>ি</b>	***	•••	s
स्थ				¢
হায় কেন ?		***		Q
হ্নদয়-পাখী	• • •	1.11		5
একি γ		***	•••	9
कडू मिन		***	***	9
মরী,চিকা		•••	•••	ь
কোপায়		•••	***	22
কেন আর ?	• • • •	• • •		. 24
ভয়ে ভয়ে		***		فد
শোও না	***	*	•••	58
থাণের সমূদ		• • •		28
ভাব		***	•••	2@
জগত		***	***	39
আকুল ব্যাকুল ই	<b>न्भि</b>	•••	***	29
<b>#</b> ব	•••	• • •	***	58
দেখা হ'লে		***	•••	२२
একাদণী নিশি		***	•••	२७

	ছাই		•••		28
	কীট দষ্ট কুন্ত্ৰম			•••	58
	আজ	***	***	•••	24
	জীবন হইতে বদি	•••		• • •	59
	প্রভাবে	•••	• • •		٠,
•	<b>मका</b> ग्र	***	***		৩১
	তুমি	***			৩২
	আবাহন				. 08
	ভিকাগীতি				90
	অঞ				199
	প্রেমাঞ্জলি	***		•••	ও৮
	তুমি	***			80
	নিরাশা	***			83
	বিষাদ	***	•••	•••	• ধব
	<b>অ</b> তীত	•••			. 88
	পিতা 🧍	•••		• • •	. 86
	<b>সং</b> সার	•••		•••	89
	<sup>া</sup> ধ্রুবতারা			* + *	85
	প্রকৃতির প্রতি				80
	ছয় বংসর				q o
	স্মীর দূত				
	প্রেম-পিপাদা	***		• • •	a z
	প্রকৃতি ও ছ্থ	***			60
	মাধবী				€ €
	পাথী				0 5
	ফিরাতে				CB

	•	* হচী		• 00
হ'য়ে অশ্ৰুজল	***			<b>a</b> 9
কাল বৈশাখী				a b
স্থান্তে	• • •			4.5
জাগো		***		৬٠
মনে পড়ে তায়	•		• • •	৬১
<b>इ.</b> म्य	***	***		હર ."
বিধাদ গীতি	•••	s		હું
যমুনাকুলে	* * *			48
গ্ৰামা-ছবি		***	•••	40
গাৰ্হস্য চিত্ৰ				<b>69</b>
গোলাপ		* 1 *		44
প্রজাপতি		***		**
ছটি কথা		***		95
যেতে যেতে				92
যাত^ারহে নাচ	<b>া</b> কা			92
জোৎস্বা				90
কাননে		***	***	98
বৰূণা যাত্ৰা	• • •			9.5
রত্বাবলী		***		96
প্রতিমা			***	4 %
চন্দ্ৰাবলী			•••	ъ.
মধুরা ধামে			•••	₩ ₹
মানভঞ্ন				60
হুধা না গরল				₽€.
প্ৰত্যাথান	•••	•••	***	<b>b</b> 6
atil				<b>6</b> 9
٠				

#### উৎক্ষিতা আত্মিক বিলন **সেহ্**মরী শ্বতি বা অশান্তি তুই ভাই 20 বিরহিণী মাতা খাশান প্রেমময়ী বিধবা পথে কে চ'লেছে গাই' সমাধিস্থান পর্বতপ্রদেশ পাড়া গাঁ 정엄 কবি ুকে তোরা > 0 হাত-ধরাধরি ক'রে थीत्र भीत्र আধ খানা 5.0 প্রিয়তম >> 6 বর্গ 222 বাসরী 220 গীতি-কবিতা 338 কি বলিব হায় 356 मदमी जल मनी 350

		7	(हो		₽•
অনৰ্থ ব্যাকুলত	1		•••		101
এস			•••		224
উপদংহার	***		•••	•••	55 <b>&gt;</b>
শেব	•••		•••		>२.
পরিশিষ্ট	***	•			131

কলিকাতা; ৩৮ নং শিবনারায়ণ দাসের লেন,

কালকাতা; ৩৮ নং শিবনারায়ণ দাসের লেন, "সিদ্ধেখর"-যন্ত্রে, শ্রীসিদ্ধেখর পান দারা মুক্তিত।

# অশ্ৰ-কণা।

# উপহার।

যা ছিল আমার, দেছি;
মোর যা, তোমারি সুব।
সবি পুরাতন, সথা,
আছে অঞ্-কণা নব।

এ নয় সে অশ্র-রেথা,
. মানাস্তে নয়ন-কোণে,
ঝরিতে যা চাহিত না
দেখা হ'লে ফুল-বনে।

সে অশ্রু এ নয়, স্থা,
দীর্ঘ বিরহের পরে,
ফুটিরা উঠিত যাহা
হাসির কমণ-থরে।

এ শোকাঞ !

নিরাশার যাতনা-গরল-ঢাকা ।

এ শোকাঞ !

বাসনার অনস্ত পিপাসা-মাথা ।

এ শোকাঞ !

হদয়ের উন্মন্ত আবাহন ।

এ শোকাঞ !

জীবনের জন্মান্ত আলিসন ।

কোথা আছ নাহি জানি,
জানি না হৃদয় তব !
যা ছিল, সকলি দেছি,
লও এ শোকাশ্রু নব।

## কবিতা।

উচ্ছ্ সিত হলি থানি ল'য়ে উপহার অতি আকুলিত প্রাণে, চাহিয়া মুখের পানে, কবিতা, দাঁড়ায়ে কেন আর ।

কহি তোরে বার বার,
কাছেতে এসো না আর!
তোরে হেরি উছলি উঠিবে আঁথি জল।
খুলিস্না, থাক্ রুদ্ধ খুতির অর্থন।

বিদায়—বিদায়, বালা !
কবি সনে কর' শেলা ।
হেথা, অশ্রুজনে সিক্ত হবে পরাণ তোমার !
কবিতা, দাঁড়ায়ে কেন আর ?

## পূৰ্ব্ব-ছায়া

সতত কোথায় যেন কৈ করে গো হাহাকার ! কেঁপে কেঁপে ওঠে বায়ু ল'য়ে প্রতিধানি তার । কে কাঁদে কিনের লাগি, কে ক'রেছে সর্বত্যাগী ? কেন এ করুণ রোল ঘেরে মোর চারিধার ? কেন বুকৈ উঠে খাস,—যেন প্রতিধানি তার !

# একটি বিধবার প্রতি।

এ—সঙ্গিনী তোমার,
পারেনি করিতে পূর্ব্ধে প্রিয়-ব্যবহার।
অদৃষ্ট এখন তারে নিদম হইয়া,
অশ্রু-স্রোতে গেছে, স্থি, তোমাতে লইয়া!
ব'লো না এখন আর,
হৃদম পাষাণ তার।
এখন সে সদা তাবে তোমাদেরি কথা।
হৃদয়ে বহিছে সে যে তোমাদেরি ব্যথা!

#### স্বপ্ন |

কে তুমি কক্ষণামন্তি, রক্তনী গভীর হ'লে,
নীরবেতে একাকিনী নেমে এদো ধরাতলে 
দিবিরা ছবীর ছব সজল কমল-আঁথি,
স্লেহের আঁচলে অঞ্চ মুছে দাও বুকে রাবি।
মহান্ জগত এই, উদার প্রকৃতি-রাণী
দেখাইতে পারে নাক কিছুতে যে কাব্য-খানি;
অতীতের ক্ষ-ছার ভাঙি কি কুহক-বলে,

গত-স্থ-রঙ গুলি' ধীরে ধীরে ল'য়ে তুলি টেনে যাও সেই রেধা—আঁধার হৃদর তলে !

#### হায় কেন ?

হায় কেন—কেন আর পোড়াও দগধ হিয়া !
কত ক'রে ঢাকি যে গো শত আবরণ দিয়া !
সে প্রেম-অমিয়া যদি বিষে পরিণত হ'লো,
তবে কেন আর, সধা, স্থপন মিলন বলো !

কেন মরীচিকা হ'য়ে
ভূলাও এ শ্রাস্ত হিয়ে ?
ভূষিতে যাতনা দিয়ে, মিছে আর কিবা ফল ?

## হৃদয়-পাখী।

আবদ্ধ হৃদয়-পাখী উড়িবারে চায় !

কি হেডু,—কিদের লাগি,—কিবা বাসনায় ?

য়তনে তন্ত্-পিঞ্জরে

রাথিয়াছি সমাদরে;

য়মধুর প্রেম-ফল,

স্থবাসিত স্থব-জল,

অতি প্রিয়-সম্বোধনে দিতেছি তাহার।

তবু এ হৃদয়-পাখী উড়িবারে চায় !

কি হেডু,—কিদের লাগি,—কিবা বাসনায় ?

#### একি ?

নটিকায় ধৃতি যথা ঘ্রিয়া—ঘ্রিয়া,
উড়িয়া, যতেক কিছু দেয় পুরাইয়া।
নয়ন মেলিতে কিছু স্থান নাহি রয়,
চারিদিকে ক'রে ফেলে কুজ্বটিকাম্য।
তেমতি—
প্রভাতে, মধ্যাকে, দাঁকে, বুকের ভিতর
পাকিয়া, ঘ্রিয়া—একি এঠে নিরস্তর প

### কত দিন।

কত দিন দেহ হেন, হ'মে দীন হীন,
বহিবে জীবন-ভার লুটায়ে ধ্লায় ?
কত দিন হাদি এই ভগন কুটায়ে,
রুদ্ধকঠে ব'সে ব'সে গা'বে গান হায়!
সমাপন কবে হবে এই ছব-গান ?
কবে রে মুদিব আমি সজল ন্যান ?

কি দেখিতে, নেত্রে আর সলিল ভরিয়া
জগত-পথের ধারে র'মেছি পড়িয়া ?
কৈ মোর মুছাবে অঞ্চ বস্ন-অঞ্চলে ?
নিজে মুছে হেথা হ'তে ধীরে যাই চ'লে !
যেতে—যেতে, চ'লে যেতে, চাহে না ত কেহ!
কেন এ করুণগৃষ্টি, পরিশ্রান্ত দেহ ?

## মরীচিকা।

দিন দিন গণি দিন; পায় পায় পায় পায় ।

না জানি বে কোন্ পথে চ'লেছি কোথায় ?

হেথা ত হ'লো না হুখ, অবিরত বলি—

জানি না কি হুখ-আশে কোথা যাই চলি!

সকলেই কেঁদে যায়, তুলে এক তান,
পুরিল না সাধ বলি মুদে ছ-নয়ান।

ভূলে গিয়ে কল্পনার মধুর অমৃত বোলে,

পাগলের মত যায় ছুটে কল্পনার কোলে!

—কে বলিবে, সেথা গিয়ে পুরে কি প্রাণের আশ ?

'অথবা, আধারে বসি ফেলিবে দীরদ্যান!

ওরে—ওরে মন মোর, কে আখাস দিল তোরে,
আশার রতন আছে—ভাবীর আঁধার ঘোরে!
নিশ্চিতেরে হেলা করি অনিশ্চিতে যার আশা,
লোকে বলে, তার ভাগ্যে ঘটে স্থধু হা-হতাশ।
আকুল হইয়া তবে, খাস্নে যাস্নে ছুটে!
মরিবি কি অবশেষে আঁধারেতে কাঁটা কুটে?
হেপা—

আছে ছথ শেষে স্থথ, দিবা পরে রাতি,
নিরাশায় স্থথ-শ্বতি, অন্ধকারে বাতি।
নদীতে তরঙ্গ আছে, হৃদয়ে উচ্ছৄাস,
পরাণে সঙ্গীত আছে, স্নেহের বাতাস।
হরষের হাসি আছে, হথের নিশ্বাস,
মিলন, বিচ্ছেদ আছে, স্বদেশ, প্রবাস।
আছে বিহঙ্গের গান, কুস্থম-বিকাশ,
রবি, শশী, তারা আছে, অনস্ত আকাশ।
উম্ব আছে, সন্ধ্যা আছে, আছে সাধ, আশা,
সেহ আছে, ভক্তি আছে, আছে ভালবাসা।
সাগর, ভৃধর আছে, নগর, কানন,
নিদ্রা, লাগরণ আছে, বিশ্বতি সপন।

থেলা আছে, ধূলা আছে, আছে আলোচনা, জ্ঞান আছে, বুদ্ধি আছে, কবিতা, সাধনা। জনম, মরণ আছে, আছে স্বাস্থ্য, রোগ,— নিত্য নব লীলাময় জগতের ভোগ!

তবে—
আকাশের পানে চেয়ে, সজল নয়নে,
কি অভাবে ভাবিতেছ অকাল মরণে ?
ভাব—ভাব একবার
জীবনের পর-পার !
বে চির-বিশ্বতি চাও—
সেথা যদি নাহি পাও ?
সেপা যদি থাকে শ্বতি—আর কিছু নয়!
কি করিবি—কি করিবি, তথন, হদম ?

#### কোথায়।

কোথার গিয়েছে, কোথার র'য়েছে, পাব কি আবার, হায়। দেহাস্তে কি আছে <sup>१</sup> কে মোরে বলিবে। দেহান্তে পাব কি তায়। यिन नाहि পाই, मिहास ना हाई. হারাব কেন এ ছথ। তাহার ভাবনা, তাহার কামনা, তার নামে সব স্থা তার প্রেম-আশ তাহার আবাস, তাহার আমি-এ বাদ, তাহার এ দেহ, তাহার বিরহ, ত্যজিতে নাহিক সাধ! পাব কি না পাব, কোথায় যাইব ? চাহি না মরণ-পার। তাহার ভাবনা, তাহার কামনা, এ অতি স্থ আমার ।

## কেন আর ?

#### ~6000

বিছারা! কেন রে তোরা এখন করিয়া।

কিবা নিশি কাছে কাছে বেড়াস্ ঘুরিয়া ?

ডক শাথে কেন আরু ফুটাস্ মুকুল ?

নৃতন বেদনা দিয়ে ঝরে যায় ফুল !

ডই—ওই তোদের ও কচি মুথ-গুলি,

ডই এে তোদের হাসি কালা স্থাধার,

কালের আগুনে হবে মুভির অঙ্গার !

সবে তোরা দ্রে দ্রে থাকিস্ তফাত,

লাগিবে না মার গায়ে তা'হলে আঘাত ।

শিরীষ-কুসুম সম ও সব হদম,

নিতান্ত কাটিবে কি রে কাল নিরদ্য!

#### **ज्या ज्या**

ভয়ে ভয়ে কেন, বাছা, বাদ্ কিরে কিরে ?
কচি কচি ঠোঁট ছটি কেন কাঁপে বীরে ?
বিবাদ-গন্তীয় মুখ,
দেখে কি কাঁপিছে বুক ?
— চল চল আঁথি-মুগ ছল ছল নীরে!

— চল চল আঁথি-মূগ ছল ছল নীরে !
আদিতে সাহস নাই,
ছয়ারে দাঁড়ায়ে চাই';

ভাকিলেই এস ধাই, আজ কেন চেয়ে রে ! আমার স্নেহের লভা, ভূমি কি বুঝেছ ব্যথা !

কাঁপিছে অধর-পাতা, অভিযানী মেয়ে রে ! মুচেছি, মা, আঁথি-জলে ; ভয় কি, মা, আয় কোলে !

ভাকি দেথ 'মা, মা,' ব'লে, আর বুকে, রাণি রে !

—আয় বুকে অবশিষ্ট স্থখ হাসি থানি রে !

#### শোওনা।

স্নেহের আদেশ তব করিয়া স্মরণ,
শেষের নিদেশ সেই করিয়া পালন
শুয়েছে—উক্লান, সাধ, মুদিয়া নয়ন;
ক'রেছে হৃদর মোর ধূলিতে শয়ন!
নিদাঘ প্রাস্তরে ক্লাস্ত শুইরাছে ত্বা;
স্পচেতনে শুয়েছে সাধের ভালবাসা।
শুয়েছে বিছায়ে স্মৃতি শুষ্ক পর্ণ-রাশি;
শুয়েছে আশ্রুর কোলে হয়ষের হাসি;
কাঁদিয়া শুয়েছে মোর প্রভাতের প্রাণ।
এ জনমে করিবে না কেহ গাজোখান!

#### প্রাণের সমুদ্র।

প্রাণের সমুদ্রে প'ড়ে সাঁতারি উটিতে চাই! স্থবিস্তৃত নীল জল, কৃল না দেখিতে পাই! কোথা হ'তে কোন স্ত্রে, হেখার প'ড়েছি এসে? জানিনাক, চেউরে চেউরে কোথার যেতেছি ভেসে। কিরে ফিরে, শীরে শীরে যেতে চাই তীর-পানে ; কোথা হ'তে আচৰিতে ভাসারে নে যার বাবে।

অতি কুক্ত ফুল আমি, প্রবল তরক্ত-ঘার,
কতক্ষণ রব টিকে, এমনি ভাসাহের কার।
দয়া ক'রে, কেল বােরে ভাসাইরা উপকুলে,
নহিলে ডুবে বে মরি, প্রাণের অতল-তলে।
তীরে প'ড়ে শুকাইতে, ভালবাসি—তা ই চার।
শুকাতে জনম নাের, শুকারে তাজিব কার।

#### ভাব ৷

বুগা তোর ভালবাসা, বুগা তোর আরাধনা !
নিয়ত নির্জ্জনে বসি,
তোর ওই মুথ-শশী
রুগায় দিবস নিশি করিলাম উপাসনা !

একটু একটু করি জীবন করিয়া চুরী, জনত্তে মিলায়ে গেল কত দিবা-বিভাবরী ! ফুটিল, ঝরিল কত স্থথের কুস্ম-কলি, ক্ষুদ্র ক্ষুদ্র সাধ কত উঠিল, ডুবিল ছলি !

আসিয়াছি কি করিতে, কিবা সৈ করিস্থ, ওরে ?

মুকুলে জীবন হার শুকারে পড়িছে ঝ'রে!

শীতের কাননে মোর সবি শুক তর্ত্ত-লতা।
ভেবেছিম্থ তোরে ল'রে ভূলিব সকল ব্যথা!

ওই গলা ধ'রে তোর, জোড়া দিয়ে ভাঙা প্রাণ, জীবনের কুজ্ঝটিকা, গানে হবে অবসান। জানি না তোরেও ধ'রে শেষেতে পড়িব ফাঁকি! বলিব যা' মনে ছিল, কই তা' ? সকলি বাকী!

গেছে স্থথ, যায় ছথ, নীরবে যেতেছে প্রাণ;
বুঝাবারে পারিস্থ না একটি প্রাণের গান!
এ জনমে কিছু তবে বলা হইল না কথা!
মরমে রহিল ভাব, হৃদধে রহিল ব্যথা।

#### জগৎ ৷

মাথা মোর ঘুরে গেল সারা দিন ভেবে ভেবে। এ ধরা স্বপ্ন না সভ্যা? কে মোরে বুঝায়ে দেবে ? সভ্য যদি, তবে সব কোথা যায় চ'লে. ছায়া-বাজি সম, কণ ছায়া-মায়া খেলে ? ওই যে কুম্বন-রাণী, কচি মুখে হেদে. জল করিরাছে আলো হরষে সরসে, সৌরভেতে আমোদিত হ'রেছ উদ্যান, ঝন্ধারি ফিরিছে অলি গেয়ে প্রেম-গান । ও সুষ্মা, সজীবতা হেরিয়া নয়নে, সত্য বলি কার উহা নাহি লয় মনে ? কার মনে হয়,—ওর চিহ্ন নাহি রবে ! ভোজ-বাজি সম শেষে শেষ হয়ে যাবে ! क्षकारवं मत्रभी-वांति मगग्र अशीरन. . শুকাবে সরোজ-লতা জীবন ব্লিহনে ! আৰু যেথা সৰ-জলে সরোজিনী পাশে. কুদ্ৰ কুল কলি গুলি ফুটেছে উল্লাসে;

কাল----

মায়ার বিচিত্র পটে দেখিতে দেখিতে,
হাসিবে রূপসী হোথা চারু প্রাসাদেতে।
এখন যথায় নীরে কলি-গুলি দোলে,
ছলিবে তথায় শিশু জননীর কোলে।
আবার কালের করে. সে আনন্দ-হাট,
ঘুচে মুছে ধু ধু স্কুধু করিবেক মাঠ!
য্গান্তে সে মাঠ পুন ভূবে যাবে জলে,
ছুটিবে সাগর-উর্মি কল্লোলে কল্লোলে?
কালেতে সমুদ্র পুন শুক হ'য়ে যাবে,
অনস্ত সলিল-হদে দাগ না রহিবে।

#### তবে—

এ ধরা—স্বপ্ন না সতা ? কে ক'বে নিশ্চয় ? সতা কভু একেবারে হয় কি রে লয় ? আহা, শুকাইবে ফুল, শুকাইবে তুমি ! মিলাইয়া যাব হায় এ সাধের আমি ?

# আকুল ব্যাকুল হুদি।

আকুল ব্যাকুল হুঁদি, কি যেন বাজিছে প্রাণে!
শৃস্ত দৃষ্টে চেম্নে আছি, শৃস্ত আকাশের পানে!
জীবন যাতনা যেন, যেন অভাবের ঘোর!
পিছনে ফেলিছে যেন কে নিশ্বাস, আঁথি লোব!
উড়ু উড়ু প্রাণ পাথী, বাধা র'তে নাহি চাম!
কোথাকার বন-পাথী সতত কাঁদিছে হাম!

#### ধ্রুব |

জীবনের বিভাবরী
দীর্ঘ-শ্বাসে শেষ করি,
চেয়ে আছি হার যেই প্রভাত-আশার ;
আশা-ভূণগাছি ধরি,
বিরহ-পাথার তরি
থেই উপকুল শ্বরি ;—পাইব কি তার ?
কোপায় পাইব জব হায় !

এ দীর্ঘ জীবন-পথে
 একেলা কি হবে যেতে ?
পথে কি হবে না দেখা সলে কভু তার !
 কে ব'লে দেবে গো মোরে,
 পাব কত দিন পরে ?
নিকটে কি আছে দুরে, কোণা সে আমার !

শনস্ত নেপথ্য-মাঝে,
সে যেন কোণায় আছে !
মাঝে ডাকিতেছে—আয়, আয়, আয় !
আকুল পরাণ, হায়,
ঘরে না বহিতে চায় !
সদা বাই-বাই—গায়, উদাস হিয়ায় ।

চাহিন্না চাহিন্না পথে,

এমন বিষণ্ণ চিতে,

দারুণ চাতক-ব্রতে কত বব, হান !

মধুবে বাজিছে বাঁশী,

হাসিছে কুক্ম বাশি,

বিশ্ব জোছনা-নিশি, সবি শুন্ত ভাব !

রয়েছে কুসুম ঢালা,
গাঁথা হয় নাই মালা,
প্রথর নিলাছ জালা,—গুকাইয়া যায়!
আশার শিশির বারি
সতত সিঞ্চন করি
বাঁচায়ে যে রাখিতেছি,—হবে কি রুণায়?
সে কি মোর ফুল হার দেবে না গলায়!
কোণায় পাইব ধ্রুব হায়!

কোথা আছ,—কোথা ভূমি,—কত দূরে হায় ! জীবনের বিভাবরী ফুরাইয়া যায় ! কোথায় পাইব ধ্রুব হায় !

#### प्तिश र्'ता

জমারে জমারে তোরে রেথে দিব, মন-কথা!
সেই দিন—দেখা হ'লে দেখিবি হ'রেছ গাঁথা!
দেখিতে দেখিতে কোথা হাসিবে ঈষৎ হাসি,
কভু বা কোথায়—দেখি, আঁথি জলে যাবে ভাসি।
ভার—.

সে জল দেখিয়া, আঁখি, ভুইও বরষিবি জল !
তম্ব রে ! বিবশা হ'য়ে কোথায় পড়িবি বল !
, বখন রে তোর পানে পড়িবে ভূষিত আঁখি,
চমকি,উঠিয়া, মন ! ভেকে ভুই যাবি নাকি !

#### ना-ना !

আনন্দে সরমে তুই রহিবি আনত হ'রে, কুট-ফুট-হাসি তুই, কুটবি না ভয়ে ভরে। কর! সে কুঙ্কল-গুলি ধীরে ধীরে গুছাইবি, সলিলে পুর্ণিত আঁাধি অঞ্চলে মুছায়ে দিবি।

জমাইরা রাখি তবে, মোর সাধ আশা-গুলি, সেই দিন দেখা হলে দেখাইব খুলি খুলি। তার—
দেখিতে দেখিতে মনে পড়িবে এ ধরাধান,
মৃছ হাসে মুছ খাসে স্থধাবে তাদের নাম।
গত-জন্ম মনে কঁরি চাহিয়া ধরণী পানে,
কত স্থতি, সুথ, সুগু কাঁপিবে ছুইট প্রাণে।

#### একাদশী নিশি।

আমার হৃদয়-নিধি, নিশা, কেড়ে নিয়ে পেলে !
কোন্ গাজে এসে পুন হেসে দরশন দিলে ?
আবার আজি কি আশে
আসিলে এ শৃত্ত বাসে ?
কেমন আধার হৃদি, তাই কি দেখিতে এলে ?

এলে যদি, এস, এস,

এ শৃক্ত কুটারে বস,

এ শৃক্ত কুটারে বস,

এস ঢালি অাঁথি জল তোমার পদ-যুগলে।

এলে রেথে কার কাছে !

কোথা সে, কেমন আছে ?

এ সব কি মনে আছে, কি সব গিয়েছে ভূলে ?

বল, বল, বিভাবরি,

মিলনের আশে তারি,
রাঝিয়াছি এ জীবন, দর্শন কি পাব কালে !

এলে যদি, এস, এস,

এ শৃত্য কুটারে বস,

দেখে যাও ভাঙা ছদি, পরতে পরতে খুলে ।
বলে যাও ছটো কথা, এ জীবন থাকি ভূলে !

## ছাই

জীবনের পরপার নাই,
মানবের পরিণাম ছাই!
দেহ ওধু ভূতের ভবন,
প্রাণ ওধু বায়ুর মিলন।

আশা, তৃষ্ণা, স্থ্য, ত্থ, ধেয়ান, ধারণা, এ সকল ভূতের যোজনা। এ.প্রকৃতি ছাইয়ের রচনা!

নিঝাস ফুরালে আমি ছাই ! ইহা ভিন্ন আর কিছু নাই ?

তবে কেন এত আড়ম্বর,
কেন তবে প্রকৃতি স্থালর,
কেন তবে হৃদয়ে উল্লাস,
তবে কেন আর প্রেম-আশ ?
কেন তবে স্থা, ছথা, ত্যা,
কেন বা মধুর ভালবাসা ?
কেন তবে অনস্তের ধ্যান,
তবে কেন সঙ্গীত মহান্ ?

তুমি আমি যদি শুধু ছাই,— জীবনের পরপার নাই!

কেন তবে এতেক আকুল ? তুমি যদি ভমের পুতৃল ! বুথা কেন, এই পাঠাগার, জীবনের নাই পরপার! ঘুচে গেল যত গগুগোল, বল হরি, হরি, হরি বোল!

ধরায় সকলি গদি ছাই, জীবনের পরপার নাই,—

কেন তবে ভিন্ন ভিন্ন রূপ,
কেন তবে ভিন্ন ভিন্ন নাম,
কেন বা বিহণ করে গান ?
লতিকাম কেন ফুটে ফুল,
তক্ষ ধরে পরব মুকুল ?
কেন বা বসস্ত হেসে হেসে
ধরারে সাজাম ফুল-বেশে ?
রূথা বহে সিন্ধুপানে নদী,
নর নারী ছায়ের অবধি !
রূথা কেন ইক্ষজাল মেলা ?
ধেল, মুতু, ছায়েরই ধেলা !

ডাক কেন একেক করিয়া, একেবারে লও না ডাকিয়া ? মধু স্বরে ডাক একবার, মোরা হই ভন্ম স্তৃপাকার! কোটী কোটী, অগু বুকে বুকে, অচেতনে ঘুমাইব স্থাথ!

বায় ! বহ ছাই উড়াইয়া,
মানবের অন্তিত্ব গাইয়া।
সলিল ! বহ না বুকে ছাই,
মানবের পরিণাম তাই।
আকাশ ! প্রায়ে ফেল ছাই,
জীবনের পরপার নাই!

ছাই যদি শেষেতে সকল,
কেন তবে তুই অশ্রুল ?
ছাই যদি মানব-জীবন,
তবে করি ছাই আভরণ!
যতটুকু দেহে আছে প্রাণ,
ব'সে ব'সে গাই ছাই গান!

# की छे पर्छ क् स्था।

---

জানি আমি জানি, রে কুস্থম,
বুকে তোর কি ব্যথা বিষম!
মরণের কীট তোর স্থবাসের তলে,
কাটিতেছে প্রতি পলে পলে!
ব'দে আছি ঝরিবার তরে,
তুমি আমি, এ আকাশ-তলে।

#### আজ।

----

শ্যামল প্রাস্তর আজ অবসর কেন?
শৃষ্ঠ মনে শৃষ্ঠে চেয়ে রহিয়াছে যেন !
হরিত পরব-চয় করিয়া আনত,
স্তম্ভিত হইয়া তরু ভাবে অবিরত।
গোলাপের গণ্ড-রাগ হ'য়েছে মলিন;
শিশির-অশ্রুতে সিক্ত হ'য়েছে নলিন।

ভটিনী যেতেছে বহি কাঁদিয়া কাঁদিয়া, ছথীর রোদন সম, বাঁধিয়া গাঁধিয়া ! পূর্ণিমার নিশি ষেন বিবশা হইয়া, তটিনীর উপকৃলে প'ড়েছে ভইয়া ! সমীরণ ভমিতেছে উদাসীন প্রায়, বিয়োগীর শ্বাস সম করি হায় হায় ! চঞ্চল আছিল মোর সাধের কানন, কার তরে হ'য়ে আছে ভঙিত এমন গ

# জীব**ন হইতে** যদি।

জীবন হইতে যদি চ'লে গেল বুম-খোর কেন নাহি যায় চ'লে প্রাণের স্পান মোর যাক, যাক্—দুরে যাক্, প্রাণের সাধের আশ ভাঙা ঘরে চাঁদ-মালো, অভাগ্যের উপথাস গ্র

ভাকুক শিবার দল মওলী করিয়া গোর, জীবন্তে মৃতের সম হউকু হুদর মোর। সঞ্জীবনী মন্ত্র মত, জার বে মরণ আর । প্রত্যক্ষ মিলন মত পদ্ম-হস্ত দে রে গার। মরিয়া বাঁচিয়া যাই, চ'লে যাই দে নগর, প্রাণের দেবতা মম বাঁধিছেন যেণা ঘর।

হে ধরণি, খুলে নেপো, স্বেহের শিকল তোর !
দি গো ছেড়ে, যাই উড়ে, জনম-তরুতে মোর !
কি আশে রাখিবি পুষে এই ভুক্ত হীন প্রাণ 
কোন কাজ হবে, ধরা, আমা হ'তে সমাধান !
ও ভদ্র তোমার বুকে কালিমার বিলু হ'বে;
থাকিতে পারি না আর, এ ভার জীবন ল'বে !

#### প্রভাতে।

কৈ তুমি ! জানি না আমি, জ্যোতি কি শকতি-ময় ! কেনন স্থলৰ তুমি, কিবা গুণ, প্ৰেমময় ! জানি স্থা— এই স্থা, তুমি মহা আকৰ্ষণ ! জানি স্থা— এই স্থা, তুমি মহা বিকীৰণ ! তব আকর্ষণে জানি দেহ ছেড়ে গায় প্রাণ।

তব বিকীরণে ধরা নিত্য নব শোভমান!

অনস্ত জীবন তুমি, তুমি একা, আত্মময়!

কল্লনা বাসনা-সিন্ধু, মহা স্থ্য-স্থময়!

কেন ভাল বাসি তোমা, তাহা আমি নাহি জানি!

তোমায় যে বাসে ভাল, সে পায় তা', অসুমানি!

অকুল জগত পারে, তুমি পিতা, ধ্ব-তারা।

তোমারি পানেতে চেয়ে মুছে ফেলি আঁথি ধারা।

#### - সন্ধায়।

আপন করম ফলে ত্থভাগী ধরাতলে।
না বুঝে, তোমায় লোকে নিরদয় বিধি বলে।
তুমি সর্ক-মুখ-হেতু,
তুমি ভূমানন্দ-কেতু,
তুমি সর্ক-শাস্তি-সেতু, ভাবে নাক মোহে ভূলে।

কে পাঠালে এ জগতে, কার এ হৃদয় প্রাণ ? কার দেওয়া স্থ্য হুথ, এ আরম্ভ, অবসান ? কে দিল নয়নে নব উষার আলোক জালি ? কার এ মধুর সন্ধা, শিরেতে তিমির-ডালি !

## ভূমি।

ক্রেয় কি অজেগ তুমি,

তা' কিছু জানি না আমি,

তোমাকে পাইব কিন্তু আশা আছে মনে :
উচাটত যবে চিত তোমারি কাবণে:

তোমাকৈ পাইব হেন আশা আছে মনে, দেখে প্রকৃতির ক্রম-উন্নতি বিধানে।

যবে জতি শিশু-কালে, ত্রজ্ঞান-তিমির-জালে,
আজ্ঞান-তিমির-জালে,
আচ্ছিল জালি, কে জানিত মনে,
মধ্যাহে উদিয়া রবি আলোকিনে বনে ?

গুটিকার কাল যাবে, প্রজাপতি হব তবে; বিশ্বাস হারায়ে ভবে কি ফল জীবনে. তোমাকে পাইব হেন আশা আছে মনে।

তুমি নাই বলে ধারা, কর্ণ-হীন তরী তারা, দিক-হারা, কুল-হারা, বিঘূর্ণিত প্রাণে। আশা-হীন, লক্ষ্য হীন, নিরাশ জীবনে।

ভূমি নাই যদি, হায় !

এ ভাব কেন হিয়ায় ?
সদা আকুলিত চিত কাহার কারণে ?
কারণ-কারণ ভূমি, বুঝিব কেমনে।

তোমায় খুঁজে না পাই,
তা' ব'লে কি তুমি নাই ?
অসীম অনস্তে ধাই তব অথেষণে।
তোমাকে পাইব হেন আশা আছে মনে।

## আবাহন।

শ্ভ করিলে যদি এ হৃদয়-স্থথালয়,
হৃদয়-রঞ্জন বেশে এদ তবে দ্য়াময় !
দেখ, নাথ, দেখ, দেখ ;
শৃভ গৃহ নাহি রেখ' !
শুলাই আঁধার গৃহ, হয় ক্রমে দৈত্যালয়।
বিতরি করুণা-প্রেম, কর হে আলোকময় !

ও নিদাঘ মক্-হ্রদে, তুমি সহকার হ'যে,

ব'দো, এ পথিক-প্রাণ জুড়াক তোমারে পেয়ে !
এদ, নাথ, এদ—এদ, চির নব প্রেমরূপে,
সজল করুণ আঁাথি, হাদি-বিকশিত মুথে !
এদ হে ব্রহ্মাণ্ডপতি, এদ মৃত্যুর সম্পদ !
শোকের নয়ন জলে ধোয়াই কমল-পদ !

## ভিক্ষা গীতি।

٥

লইয়া আনন্দ-উধা, দেছ ছখ-বিভাবরী ; জানি না—জানি না, নাথ, কি হেতু, এ মনে করি !

শুভ বা অশুভ হোক্,

সবে তব ছায়া রোক্।

সভত তোমারে যেন হাদয়-গগনে হেরি;—

ও মুখ চাহিয়া তব,

যা' দিবে সহিব সব—

ঝাটকা, করকাপাত, তোমারি চরণ ধরি।

ভূমি যদি চাও, বিধি ! ভাঙিতে এ নারী-হৃদি, ভাঙুক দে শতবার, যাতনায় নাহি ডরি ।

না জানি কি স্থধামাথা ওই তব পা-ছ'থানি ! যত ছথ পাই ভবে, কিরি তত টানাটানি। ₹

লও, লও প্রণিপাত, এই ভিক্ষা দাও নাথ,

যা' দেবে আমানে দিও, তথ বা যাতনা-ভার !
বাধিত সে স্থা মোর, বেন নাহি দহে আব ।
বড় সে যাতনা পেয়ে ধরা হ'তে চলে গেছে,
স্নেহেতে ডাকিয়া তারে, লও, নাগ, লও কাছে!

সেই কীণ দেহ থানি, শীতল শান্তির ছার, বিরাম-শরনে যেন আরামে ঘুমাতে পার!

এ তুথ-আতপ-জালা,

এ থেদ-কণ্টক-মালা,

এ অশান্তি নিত্য-ছলা, এ অঞ্চ, এ হাহাকার, পশে না শ্রবণে যেন, পরশে না হদি তার!

#### অশ্ৰেচ |

ওরে প্রিয়-অঞ্-ধার. প্রণয়-পূজার চির-দঙ্গিনী আমার। পবিত্র প্রণয়-দেবে পূজা করিবারে. তোর সম উপচার নাই এ সংসারে. শুত্রবাদ পূত বলি তাই তারে পরি, তা হ'তেও পূত তুই, ওরে অশ্রু-বারি। প্রেম যবে মূর্ত্তিমান ছিলেন আমার, পূজেছি তাঁহার দিয়ে প্রীতি-ফুল-হার। কোমল কুম্বমে কত মালিকা গাঁথিয়া. তুষিতে প্রণয়-দেবে দেছি পরাইরা। পরায়েছি বটে ফুল, মনেতে ধরেনি, क्टर वा मिनन, उक, क्टर वा काछिन। মধ্যে তার তীক্ষধার স্থতা এক রেখা, যোগ্য ইহা নয়, যেন এই তায় লেখা।

স্বর্গের দেবতা-প্রেম গেছেন যথায়, স্ক্রোমল কভ হদি পৃষ্কিতেছে তাঁয়।

#### অঞ্চ-কণা ৷

## তুমি।

তৃমি কি গিয়াছ চ'লে ?

না না, তা' ত নর।

য'দিন বাঁচিব আমি,
ত'দিন জীবিত তৃমি,
আমার জীবন যে গো

স্থ্ তোমা-ময়।
তৃমি ছাড়া আমি কেবা—
শৃক্ত-ম্য়।

ভূমি কি গিয়াছ চ'লে তা'ত নয়, নয়।

স্থতির মন্দিরে মম,
প্রতিষ্ঠিত দেব সম

চির বিরাজিত ভূমি,
অমর প্রাণেশ !

চির-জন্ম স্থতি ভূমি,
সৌন্ধ্য অদেশ !

# অশ্রু-কণ্/ নিরাশা।

নিরাশা। দহিছ বটে দিবানিশি অবিরত প্রেমের এ স্বর্ণময় পূত পীঠস্থান; কিন্তু, করিও না মনে, তব তীত্র শিখাগুণে দহিয়া, এ চিত্ত মোর করিবে শ্রশান : দুর কর ভ্রম তোর, প্রেমের নিক্ঞে মোর উজ্জল স্থবর্ণে হেথা সকলি রচন। দেখ রে কি পার ক্ষুর্ত্তি, প্রেমের স্থবর্ণ-মৃত্তি ! আলোকিত ক'রে মোর মানস-আসন। হেথা কি দহিবে তুমি, প্রেমের স্থবর্ণ-ভূমি ? परित्न खेळ्डन इय, जान ना कि ताना! নিরাশা রে, দ্বথা তোর বিকল বাসনা।

যত দিন দেছ কৰে,

এ ছদি রহিবে ভবে,

তত দিন সে মূরতি তেমনি রহিবে।

অতীতের প্রদেশন

যতই পড়িবে ঘন,

ততই উজ্জল হ'য়ে ফুটিয়া উঠিবে!

## বিষাদ।

বিশাল জগতে কোথা নাহি কি রে হেন স্থান ?
যথানে রাখিদ্ তোর স্তবধ আঁধার প্রাণ।
প্রাণের নিভ্ত গৃহে যেন তুই বন্দী চোর;
ইচ্ছা ক'রে বন্দী কেন হ'লি রে পরাণে মোর!
ছেলেবেলাকার সঙ্গী জানি রে, বিষাদ তোরে,
আর যুত সঙ্গী মোর গেছে আমা হ'তে দূরে।
ভূলিয়া গিয়াছে তারা আমার হৃদয়-ঘর,
শৈশবে খেলিয়া যেথা স্থাী হ'তো নিরস্কর।

কত দিন উষাতে যে তারা মোর সঙ্গে মিলে কুড়াইতে সেফালিকা, যাইত তত্ত্বর মূলে। অঙ্গলি পরশে যত খ'লে যেত ফুল-কলি, ডাকিতিস্ পিছে তুই, আর ফিরে আর বলি। সৌন্দর্য্যে ভূলিয়া গিয়া ধরিতাম প্রজাপতি, আহা কি কোমল, মরি ! আহা কি স্থন্দর ভাতি, অমনি বিষাদ তুই জানি না রে কোথা হ'তে ডেকে বলিতিস মোরে, দাও ওরে ঘরে যেতে। শৈশবে শৈশব-থেলা খেলিয়া পাইনি স্থুথ, সবেতে থাকিত মিশে তোর ও আঁধার মুখ। এখন নীরবে স্থু আঁকড়ি পরাণ মোর. হুছ ক'রে নিয়তই ফেলিদ্ নিশ্বাস ঘোর। আঁধার মেঘের মত, কোথা হ'তে ধীরে ধীরে, क्रमग्र-गगन भात एक्ट्स मिन এक्वरादत !

## অভীত।

অবোধ নয়ন ওরে, অমন আফুল কেন ? কাতর হইয়া কেন চাও ?

এই বর্ত্তমান যদি তোমার প্রবাস-ভূমি,

সদেশ-অতীত পানে যাও!

সেথার নবীন রাগে ভ্রমিছে ভ্রমর কত, মধু চাহি আশার মুকুলে;

বাসনা-লহরী কত প্রাণের আবেগে ছুটে

ঘুমাইছে গীতি-উপকৃলে।

নবীন গৌবন-কুঞে প্রেমের জোছনা হাসে, ছড়াইয়া মন্নিকার ভাতি;

খ্তির মাঝারে কিবা উজ্জল মধুর বিভা— বিকশিত চাঁদিমার রাতি !

## পিতা।

আঁধার সমুদ্র-গর্ভে মুকুতার সম থাকে যদি কিছু এই জীবনে আমার, তোমারি নিকটে, পিতা, পেয়েছি তা' আমি, তাই নহে এ জীবন থালি অন্ধকার। একেকটি কথা তব, জীবনের কণা, গঠন ক'রেছে এই জীবন আমার: একেকটি শিক্ষা তব, বজ্ৰ-সম মানা, যার বলে স'য়ে আছি বিরহ তোমার। এথনো আমারে, পিতা, দেয় গো সাস্থনা তোমার অমৃত ভাষা, মোর মাঝে থাকি; এখনো ভুলিলে পথ ডেকে করে মানা, সদা খুলে দেয় মোর মোহ-অন্ধ আঁথি। কিসে করিয়াছে দুঢ় বিশ্বাদের মূল ? একটি কেবল তব স্নেহের বচন। বলিতে, "লোকান্তে, মা গো, নাহি হবে ভুল, মাঝে মাঝে দেখে যাব তোদের আনন।" ব'লেছ যখন, দেব, মিথ্যা নহে বাণী। পিতৃ-স্বেহ স্বপ্ন নয়, সত্য ব'লে জানি।

তাই মনে ক'বে আমি মানি লোকান্তর,
থেকে এই মায়া-ময় ছায়া-বাজি দেশে;
তাই মনে ক'বে চাই আকাশের পানে,
পূর্ণ হয় শৃত্য প্রাণ আশার আমাসে!
যেমন মূণাল থণ্ডে স্ত্র সম্মিলিত,
লাকান্তরে গাকি তুমি এ প্রাণে জীবিত!

তোমারি মেহের দৃষ্টি শিথারেছে মোরে জগতে করিতে স্নেহ প্রত্যেক প্রাণেরে। শৈশবে ধরিরা হাত দেথারেছ পথ, কত মতে তুষেছ পূরেছ মনোরথ। কি ব'লে বিদার লব, করি প্রণিপাত। জগত পিতার সনে তুমি ধরো হাত। তব ক্লেহ-জাথি যেন জ্ব-তারা হ'য়ে নিয়ে যায় ভবার্ণবে পথ দেখাইয়ে। কত সাধ ছিল হায়, সবি রৈল মনে, কি দিব তোমায়, দেব, প্রথমি চরণে।

#### সংসার।

সংসারের স্থথ, তথ, ইহা কিছু নহে ত নৃতন। তবে কেন তথ আলিঞ্চিতে ভাষে কেঁপে উঠিতেছ, মন! कां निष्ठ अভाবে यात, काट्य यद हिल तम, তথনি কি ছিল না বেদনা ? তবে কেন-কি লাগি শোচনা ? যাহার অভাব নাই, কি আছে তাহার ছাই! অতি কৃদ্ৰ-কৃদ্ৰ সে পরাণ! গলে বাঁধা সার্থের পাষাণ। ধরণীর স্থুখ, ছখ, নিশার স্থপন সম, তার লাগি কেন ভ্রিয়মাণ ? মুছে ফেলে আঁথি-জল, তাজ শ্যা-ধরতিল, দেখ---দেখ পূর্ব্ব-পানে চেয়ে। সোণার বরণ-ঘটা অরুণ-কিরণ-ছটা আসিয়াছে আশীর্কাদ ল'রে!

জগতে উথলে তান, আকাশে আহ্বান-গান, সবে ডাকে আয় আয় বলি। ওরে, তুই ধ্লি-কণা, ধ্লি হইবার আগে একবার দেখ্ মাথা তুলি।

#### ধ্রুব-তারা।

স্থি ছথে অনিমিথে আমার নয়ন-য়ৄগ
দেখিতে পায় গো বেন তোমার ও প্রেম-মূথে।

মূথ-মরীচিকা-ল্রমে

নাহি মরি মক্রভূমে;

অক্ল শোক-অর্ণবে নাহি হই লক্ষ্য-ছারা।

চেয়ে থেকো ধ্রুব-ভারা!

অজ্ঞান-ভামদী-নিশি,

আঁধারিয়া দশদিশি,

য়ুরায়ে মুরায়ে পথে বেন নাহি করে দারা!

চেয়ে থেকো ধ্রুব-ভারা!

# প্রকৃতির প্রতি।

কোন নিঠুরের শাপে, প্রকৃতি লো, কোন পাপে হয়েছিস বিহীন পরাণ ?

সেই নাক, সেই মুখ, সেই হস্ত, সেই বুক, সবই সেই, অহল্যা পাষাণ !

কোথা সে পরাণ তোর, আমার পরাণ ভোর, ছিল যাহে দিবস রক্ষনী ?

কে হরি লইল, মরি, সেই তোর সে মাধুরী, হৃদয়ের ভাবতরঙ্গিণী ?

শিশির, শরৎ, শীত, নিদাঘ, মধু, প্রার্ট, আমে যায় সহচর সাথ;

কিন্তু, সবই কেন হেন, পরাণ বিহীন যেন, রঙ্গচিত্র সম প্রতিভাত ?

অথবা, তুমি কিবা আমি নাই, কে কহে, কারে স্থাই, এর মাঝে কে গতজীবন ?

ওরে, সদাই স্থধাই হিয়া, তুই কিবা আমি ছায়া, কে বুঝায় গ্রুব বিবরণ।

## ছয় বৎসর।

--

প্রবাদে বিরহে যা'র মৃতাধিক প্রাণে,
দিবদে বিরহ যা'র নিশা বেত মানে,
দে এবে জগতাতীত বিধির বিধানে।
ঘুমালে যে দীপ ল'রে নেহারিত মৃথ,
যে আগে না স্থালে ডেকে না ফুটত মুথ।
এবে নিশি দিন ডাকি ডাকি,
কেঁদে শ্রাস্ত হ'ল আঁথি,
না মিলিল আধ ভাষা জুড়াইতে ব্ক,
হায়! কোথা দে বধির হ'য়ে সম চির মৃক!
ক্রমে তার অদর্শন হ'ল আর্দ্ধ যুগ
ফাটল না, ফাটল না তব্ পোড়া ব্ক!

# সমীর দূত।

প্রতিদিন দৃত-পদে বরি তোমা বার মাস; বুঝিয়াছি, আজ তুমি গেছিলে তাহার পাশ। প্রতিদিন লয়ে যাও কত সুথ হুঃখ বাণী, উত্তরে আনিতে নার মৃছ কথা আধ্যানি। ভেবেছি নিঠুর তারে, তাহাতে কত না মনে ঘুরেছে সন্দেহ শত क्रमरमञ्ज धारत धारत । না জানে তোমারে কেবা কেমন সে রীতি তব, তোমারে পাঠায়ে বল কেমনে নিশ্চিম্ভ হব। পথে, বসন্তে কুন্তম হাসে কানন খুলিলে প্রাণ, সেথা, লুকায়ে অলির পাথে তুমি তোল মৃহ তান। 'সারাদিন গুণগুণ জ্ঞণপ্তণ গীত কর,' শেষে, বনের বুকের মাঝে প্রদোষে ঘুমায়ে পড়। কভু, প্রাবৃট ভাটনীকুলে कुल कुन बन जूरल, কভু পাপিয়ার গলে বিদার আকাশ প্রাণ; কভু, মনসাধে তরুপাতে মুছ মর মর তান। কোথা না তোমার থেলা নিত্য করিয়াছ হেলা

কি জানি কি মনে ভেবে আজি পুরায়েছ আশ ;
বুঝিরাছি, আজ তুমি গেছিলে তাহার পাশ।
সেই সে সৌরভ পৃত বহিছে তোমার গায়,
তব পরশনে আজি শত কথা মনে ভায়।
আকুল তাহার তরে আজি সারা মন প্রাণ ;
বুঝেছি, এখনি মোরে সে দিবে দর্শনদান।

# প্রেম-পিপাসা।

আর রে, আয় রে, প্রেম-পিপাসা,
মরম-বিজনে লুকারে রাখি!
আমি চির তোর,
ভূই চির মোর,
তোরে ল'রে আমি মুদি এ আঁথি!
ভকারেছে প্রাণ, আরো সে ভ্থাক্!
ভাউতেছে হদি, আরো ফেটে যাক্!
পাক্ মুথে মুথে,

হাসিতে অক্ষতে হ'রে মাধামাথি !
নিরাশা আসিছে আশার মিশিতে,
জগত আসিছে আড়াল দিতে।
আর, আর, তোরে লুকায়ে রাথি !
আমি চির তোর,
তুই চির মোর,
তোরে হদে ধ'রে মুদি এ আঁথি ।

# প্রকৃতি ও ছুখ।

ফল--

"ভালবাস তুমি যেই হাসি,
ফুটেছে তা' আমার বয়ানে।
নিত্য তাহা আমি দেখাইব,
কেন গো চাবে না মোর পানে ?"
উবা—

"ভালবাস্ তুমি বেই জ্যোতি, এই দেখ স্বামার ন্যানে। অনিমিথে তোমা পানে চাব,

মুথ ভূলে চেও মোর পানে !

নির্বর—

"ভূমি চাও যেমন হৃদর,
তেমনি তোমার দিব, আর !
অতি যত্নে লুকারে রাখিব,
এ হৃদর-নিভ্ত-কারার।"
সমুদ্র—

"প্রাণে তব দহিছে যে ত্যা,
নিবে যাবে সদা লীলা-রঙ্গে ;
ফুদয়ে যে হ'য়েছে আবর্ত্ত,
বাবে চেকে তরঙ্গে তরঙ্গে !

ছ্থ---

"আর, আর, আর বুকে, আর!
তোরে ছেড়ে থাকা মোর দার।
ভূই, মোরে কভু ভূলিবি না,
জামি তোর জীবন, চেতনা।

## মাধবা।

-

বসস্ত এসেছে, বন সেজেছে কুস্থম-বেশে,
বিটপী, ব্ৰততী সবে ফ্ল পরে হেসে হেসে।
কেন লো মাধবী তুমি, কেন লো কিসের ছথে,
মলিন-পল্লব-বাস প'রে আছ অধোমুথে ?
নিরখি না কেন দেহে হরিত পল্লব নব ?
কুস্থম-মুকুট, শিরে পর'নি কেন গো তব !
আগে—
প্রতি-সদ্ধ্যা বসিতাম তব স্থশীতল মূলে,
কুস্থম-কুমার-গুলি সোহাগেতে দিতে কোলে।
মৃত্ মৃত্ মর-মরি পাতা নাড়ি গেয়ে গান,
স্লিগধ স্থরতি ঢালি আকুল করিতে প্রাণ।
আজ কেন বিধাদিনী ?

আজ কেন বিবাদিনী ?

তৃমিও কি অভাগিনি !
তোমারো কি গেছে, সথি, চির স্থথ, মধু মাসে ?

কাদিবে আমারি মত মলিন বৈধবা-বাসে !

# পাখী |

উড়িয়া পৰাল পাখী বলিয়া কি বুলি রে !

মিশিয়া স্থদ্ধ নীলে,

কোথায় যাইল চ'লে !

কৈ স্থা যাইল চেলে পরাণ আকুলি রে !
জীবনের সাধ, আশা অমনি করিয়া, হার,
স্থদ্ব আকাশ-তলে মুহুর্কে মিশিয়া যায় !

# ফিরাতে।

ফিরাতে কালের স্রোত কে পারে যতন ক'রে
প্রবাহিত আঁথি-বারি রাখিতে কে পারে ধ'রে ?
তর্প-প্রমত্ত সিন্ধু গরজি চলিলে রোধে,
উজান বাহিতে তারে কে পারে গো ধ'রে কেশে ?
কে জানে এমন গান,
এমন মধুর তান,

ফুটার জোছনা-হাসি আমার আঁধার দেশে! ছড়ায় বসস্ত-দুল বসস্ত-সমাধি-শেষে!

# হ'য়ে অশ্রুজন। —————

জন্মতাম আমি যদি হ'রে অঞ্জল !

হথীর গভীর বুকে,

উছলিয়া মন-স্থে,

নয়নে থাকিয়া অবিরল,

ঝ'রে প'ড়ে ব্যথা, ক'রে দিতান শীতল।

যদি রে হ'তেম অঞ্জল;

বিরহের অবসানে,

মিলনের স্থ-দিনে,

উদিয়া নয়ন-প্রান্তে, হইয়া ভরল,
ভিজায়ে দিতাম কত বদন-কমল!

কুঞ্তে কেশের পরে

মুকুতা দিতাম থিরে,

কন্দিত কপোল, ওঠ নিষিক্ত করিরে,
স্থা-ভরে যেতেম বহিয়ে!
সবার হৃদয়ে পশি,
র'তেম নীরবে মিশি,
স্থা, হথ, কিছু নাহি পেত অন্তমান!
জীবন, জগত হ'ত—স্থান সমান!

## কাল-বৈশাখী।

প্রক্ষতি ! আজিকে তব, ওকি ভাব—ওকি স্থি ?
ঝটিকার পূর্ব-ছারা—নয়ন নেহারে এ কি !
য়্থের হরিত শাখী
ছাড়িয়া হৃদয়-পাখী,
আকাশে অমন কেন আকুল হইয়া ওড়ে,
আশার ম্থের বাদা, ভেঙে কি পড়িছে ঝ'রে ৪

বিষাদ জলদ-রাশি—
চারি-দিকে ছায় আসি ?
আশকা-তড়িৎ-রেথা, চমকিছে ঘন ঘন ;
অলক্যে বিপদ বজু করে যেন গরজন।
বিলাপ-বালুকা-রাশি, ছাইয়া ফেলিছে দিক্।
প্রকৃতি ৷ কোথায় তোর বসস্তের ফুল, পিক ?

#### স্বপ্নান্তে।

স্বর্গের সমীরে আর মর্ত্তের পবনে, কোনরূপ মিল কি গো আছে সংগোপনে ? নহিলে ছথীরা ফেলে যে থেদ-নিশ্বাস, কেঁপে ওঠে কেন তার স্বরগ-আবাস!

#### क्रारिशी।

ভাগো—জাগো, মধু-স্থা, প্রভাত শীতের নিশি,
ভাড়ারেছে রবি-কর কুরাসার ধ্ম-রাশি।
পাতার ঘোমটা তুলি,
লাজুক নরন খুলি,
করিছে কলিকা-বধু তব পথ নিরিখন!
এস, বিকসিত কর কুস্থম-কোমলানন।
পিক-বধু কুছ কুছ,
ভাকে ভোমা মূছ মূছ,
পাপিয়ার পিউ পিউ, আকাশে ভাসিয়া বায় ?
এখনো তোমার ঘুম, ভাঙিল না তবু, হায়!
প্রেমের শ্রামল পাতা
বিছাইয়া তক্ষ-লতা,
যতনে রচিত করে তোমার হ্রিতাসন।

জাগো—জাগো, মধু-সথা মকুলিত উপবন।

## মনে পড়ে তায়।

----

আজি বড় মনে পড়ে তায়! কাঁপিছে লহরী-গুলি. তুলিছে কমল-কলি; মুতু বহে বসস্তের বায়। ভেটিবারে ঋতুরাজ, পরিয়াছে কুলসাজ, ললনা-ললিত লতিকায়। নিশবদে বাপী-তীরে. व्याथि-जल मित्न नीत्र ! পাপিয়া ডাকিয়া উড়ে যায়। আজি বড় মনে পড়ে তায়! বিগত স্থথের কথা, জাগাতে পুরাণ ব্যথা, মিশিয়াছে বাসস্তী সন্ধ্যায়! তিমির-সন্ধ্যার পটে, উজল সে ছবি আরো,

আবরণ থুলে গেছে, হার!

মগন হাদর, মন তার।

কাছে কেহ যেও না,

আজি ওরে ডেক না,

অমনি থাকিতে দাও, হার!

আজি ওর মনে পড়ে তার।

#### হৃদ্য়।

কার মনের মত খুঁজে খুঁজে অবিরত, রাস্ত হ'রে পড়িতেছে কাঁদিয়া কাঁদিয়া যে! কে মোরে বলিয়া দিবে, দে কদি কোথায় খাব, যার কাছে প্রাস্ত হ'রে পড়িব ঘুমিয়া রে! কে জান গো কদমের ঘুম-পাড়ানিয়া গান, বারেক করুণা করি গাও দেখি দেই তান। ছরবল নেত্রে ওর আদে যদি ঘুম-ঘোর, শ্বপনেতে পায় যদি মন-মত নিধি ওর।

এ বিশাল জগতেতে যাহা খুঁজি তাহা নাই,
স্বপনের রাজ্যে তাই যদি কভূদেধা পাই!
এই ত গো কুদ্র হৃদি কোথা ধরে হেন আশা ?— •
এ বিশাল ধরাতলে মিলে না যাহার বাসা!

# বিষাদ-গীতি।

কে ভূমি বিষাদ-গীতি অবিরত গাও গো!

চাঁদিনী-আকাশে কেন মেঘ আনি ছাও গো?

নিবার ও গীত-ধারা,

হ্রথে মগ্ন বহুদ্ধরা,
আঁধারে হইবে হারা প্রভাতের প্রাণ গো!
প্রভাতী বিহঙ্গ-গানে কেন ছথ-তান গো?
বিবাদ, বিলাপ রুণা,—বুণা ও নয়ন-জল।
জগতের প্রাণ আজি হরষের রক্ষ-স্থল।
ভাই বলি আঁথি-জল, আঁথিতে ভ্রথাও গো!

## যমুনা-কুলে

আঁধার গগন-তল, প্রগাড় জলদ ছায়; ধবল বলাকা-শ্রেণী মেঘ-কোলে তেসে যায়। नीतम स्नीन कांगा, দলিলে আঁধার-ছায়া, কালো জলে কালো কায়।—মহিষ ভাসায় কায়। ममूर्थ यमूना-वाति धीरत धीरत व'रह याग्र। খামল তমাল-ডালে मयूती ऋ भू छ भू एत, ঊরধ করণ তুলে চকিতা হরিণী চায়। মৃত্ ঘন-গরজনে চপলা চমকি ধায়। একা বসি বাতায়নে, কত কথা আদে মনে. ্অতীত ঘটনা কত হদয়ে উথলে, হায়! কত সুখ, কত আশা, কত স্বৃতি গাঁথা তায়!

#### গ্রাম্য-ছবি।

মাটীতে নিকাণো ঘর, দাওয়া-ওলি মনোহর, সমূথেতে মাটার উঠান। থ'ড়ো-চাল-খানি ছাঁটা, লতিয়া করলা-লতা মাচা বেয়ে ক'রেছে উত্থান। পিঁজারায় বস্ত্র বাঁধা, ষউ-কথা কহে কথা; বিভালটি শুইয়া দাবাতে: মঞ্চে তুলদীর চারা, গৃহে শিল্প কড়ি-ঝারা, থোকা ভাষে দভির দোলাতে। কাণে ছল, ছল্ ছল্, গাছ-ভরা পাকা কুল, ধীরে ধীরে পাড়ে ছটি বোনে; ছোট হাতে জোর ক'রে, শাখাটি নোয়ায়ে ধরে, কাটা ফুটে হাত লয় টেনে। পুকুরে নির্মাল জল, ঘেরা কল্মীর দল, হাঁস ছটি করে সম্ভরণ; পুকুরের পাড়ে বাশ-বন। শৃত্ত জন-কোলাহল, কিচিমিচি পাথী দল,

সাঁই সাঁই বায়ুর স্বনন, রোদ-টুকু সোণার বরণ। শুটায় চুলের গোছা, বালা ছটি হাতে গোঁজা, একাকিনী আপনার মনে ধান নাড়ে বসিয়া প্রাঙ্গনে। শাস্ত, স্তব্ধ দ্বিপ্রহরে গ্রাম্য মাঠে গোক চরে; তক্ষ-তলে রাথাল শয়ান; সরু মেটো রাস্তা দিয়ে পথিক চ'লেছে গেরে, মনে পড়ে সেই মিঠে তান। আজি এই দ্বিপ্রহরে, বাল্য-শ্বতি মনে পড়ে, মনে পড়ে ঘুঘুর সে গান। স্থাময়ি জনভূমি, তেমতি আছ কি তুমি, শান্তি-মাথা, মিগ্ধ, ভাম প্রাণ!

# গার্হস্য চিত্র।

ফুটু ফুটে জোছনার, ধব্-ধবে আঙ্গিনায়, এক-থানি মাছর পাতিয়ে, ट्रिलिंग खेबारिय कार्टि, अनिनी खेहेबा आर्टि, গহ-কাজে অবসর পেয়ে। माना माना मूथ जूनि, जूँ है, (मेकानिका-खनि डेशारनत त्रोमिटक कृष्टित्र, প্রাচীরেতে স্থশোভিতা রাধিকা, ঝুমুকা-লতা, তুলিতেছে চন্দ্র-করে নেয়ে। মৃতু ঝুরু-ঝুরু বায় বসন কাঁপায়ে যায়. ঝ'রে পড়ে কামিনীর ফুল; প্রশান্ত মুথের পরে কালো কেশ উড়ে পড়ে, অলসেতে আঁথি চুলু চুল্! মৃত্ মৃত্ ধীর হাতে, আ্যুতি শিশুর মাথে, গায় ঘুম-পাড়ানিয়া গান। মোহিয়া স্থার ভাষে, আকুল কি ফুলবাদে, পিঞ্জরে ধ'রেছে পাখী পিউ পিউ তান !

শিররেতে জেগে শশী, যেন দে সৌন্দর্য রাশি,
নেহারিছে ময় হ'রে ভাবে।
ছেলে ডাকে আয় চাঁদ, মা বলিছে আয় চাঁদ,
কি করিবে চাঁদ মনে ভাবে!
মা নাই ঘরেতে যার, ছেলে কোলে নাই যার,
যত কিছু সব তার মিছে!
চাঁদে চাঁদে হাসা-হাসি, চাঁদে চাঁদে মেশামিশি,
সর্গে মর্ডে প্রভেল কি আছে!

#### গোলাপ।

যথন তোমার হেরি, সই !
তথনি মোহিত আমি হই ।
লাব্দুগুর নাহি ওর,
আহা কি গঠন তোর !
কি এক স্থরতি বহে প্রাণে,
ধরার স্বরগ যেন আনে।

বল মোরে, ফ্ল-সই,
কাহার সৌন্দর্য্য তুই ?
মুখে তোর অরুণ-আভাস,
বুকে তোর অনস্ত স্থবাস।
তুই কিরে নিরমল প্রেম,
ধরার ফুটিলি হ'রে ফ্ল?
তাই কিরে তোরে হেরে, সদা

### প্রজাপতি।

---

বিচিত্র ছ'থানি পাথা,
কুস্থম-রেণুতে মাথা,
মরি কি তোমার, সথা, স্থের পরাণ।
গাহিয়া কুস্থম-গুণ,
অলি সেধে হয় খুন,
নীয়বে তোমার রূপ কেড়ে লয় প্রাণ।

কুস্থম-কলিকা-গুলি,
কোমল ফলর খাঁল,
নীরব নয়নে করে তোমারে আহ্বান।
মর্বি কি তোমার, স্থা, স্থবের পরাণ!

ধীরে মৃছ পদে পশি,
কোমল হৃদরে বৃদি,
প্রাণ ভ'বে কর' ফুলে প্রেম-মধু পান।
মরি কি ভোমার, স্থা, স্থাত্ত পরাণ!

বনের স্থরতি বায়
কাঁপায় তোমার কায়;
লতিকা ছলিয়া হেরে তোমার বয়ান
মরি কি তোমার, স্থা, স্থের পর

# ছুটি কথা।

ব'লো তারে চুপে চুপে, পথ চেয়ে সে যেন চলে। চোথ বৃজিয়ে যাওয়ার ভাণে কুস্থম-হাদয় না যায় দ'লে। মনের ছথে প'ড়ে ঝরে, ধূলির পরে আছে প'ড়ে, একটু বাদে যাবে ম'রে ७ थारा निमाप कला! তবে কাজ কি অত হল কৌশলে! গোলাপ, যুথিকা, বেলা, বসন্তে ত ফুলের মেলা! যেন তাই নিয়ে সে করে থেলা, মালা গেঁথে পরে গলে। বলো তারে চুপে চুপে পথু চেয়ে সে যেন চলে।

#### যেতে যেতে।

বেতে বেতে, পথ হ'তে ফিরিয়া ফিরিয়া যায়।

তৃষিত নয়ন-যুগ, জানি না কাহারে চায়!

অবশ চরণ-ভার চলিতে চাহে না আর,
প্রতি পদক্ষেপে টানে যেন আকর্ষণ কার!
প্রতিকৃলে যেতে হবে, ব্যথা বড় বাজে প্রাণে,
ধীরে ধীরে, ফিরে ফিরে—চাহে তাই মুথ-পানে!
কুটার, প্রাসাদ, পথ—নিরদর ব্যবধান,
দূর হ'তে দেখিবারে নাহি দেয় দে বয়ান!

### যাতনা রহে না ঢাকা।

যাতনা রহে না ঢাকা, করিলে যতন।
কেন—কেন বল তবে মিছে আবরণ!
হেরিলে ও ছটি আঁখি,
বুঝিতে কি রহে বাকি ?
আননে পড়ি যে, স্থি, মনের কথন।

ত্যজ কপটতা, ছল,
সরল হৃদয়ে বল,
কারে কি বেদেছ ভাল, সঁপিয়াছ মন 
পেরেছ কি মন তার,
না— স্বধু প্রদান সার 
নি

## জ্যোৎস্না।

মরি মরি, হাসিছ কি হাসি,—
বেন রে স্থেরে স্থতি-রাশি!
নিত্য হেরি, অমনি করিয়া
হেসে হেসে পড়িদ্ ঘুমিয়া!
কি অদৃষ্ঠ তুই ক'রেছিদ্,
সারা-প্রাণ হেসেই মরিদ্!
চুপি চুপি বল্ কাণে কাণে,
কে ঢেলেছে এত স্থথ প্রাণে?

গান

#### কাননে।

কানন-বিহগ-গুলি, আয় রে, আজিকে মানস খুলি। ভামি তোদের প্রবাসে, পাখি. মোর বন-বাসে, গাহিব এ গান-গুলি। আয় রে বিহগ-গুলি! আয়, আসিনি তোদের দেশে, যবে আছিমু সংসার-পাশে, **ग**द्य বড় সাধ যেত পাখি, তোদের সনে গাহিতে পরাণ খুলি ! নয় কভু কপটতা, গান নয় ছটো মিঠে কথা। গান মরমের সরলতা, গান প্রাণের গভীর ব্যথা।

হায়, গান যদি যদি সেথা কি হৃদর আছে !—
গাহিব কাহার কাছে ?
গাহিতাম কভু গান,
তুলিতাম কভু তান,
দিঠির তীখন বাণ,
ভাঙিতে চাহিত প্রাণ !

ভারে

স্থা,

সে নিঠুর দিঠি দেখি,
হাদর মুদিত আঁখি,
প্রাণের গান,
প্রাণের তান,
প্রাণেই যাইত থাকি!

## বরূণা যাত্রা।

कल कल, ठल् ठल्, চলিছে বরণা-জল, ঝক ঝকে চক্র-কর তায়; শত শত ভাঙা শশী ডুবিছে উঠিছে ভাগি, मठक्षन नहती-नीनाय! ধীরি ধীরি তরী চলে, দাঁড়-জলে সোণা জলে, एउँ उठि क्लाईमा वूक। বসিয়া তরীর ছাদে. শরত-চাঁদিনী রাতে প্রাণে কত উছলায় স্থপ ! বিস্তৃত সৈকত-ভূমি পারশে প'ড়েছে ঘুমি, শুল বাদ আবরিয়া মুখে। ্কি স্থন্দর, মনোহর, ছোট ছোট কুঁড়ে ধর মাণা তুলি জাগে মাঠ-বুকে !

কচিৎ সন্ন্যাসী কেছ---ফিরিয়া যাইছে গেছ. মন-স্থা ধরিয়াছে গান; কাঁধে শোভে বাকা লাঠী. হাতে পিতলের ঘটী, গেরুয়া-বদন পরিধান। আর দিকে বারাণ্সী, স্থধৰল সৌধ-রাশি চক্স-করে শোভে থাকে থাক : মন্দিরের হেম-কায়া জলেতে প'ডেছে ছায়া. শঙ্খ-घ॰छो-ध्विन लाटथ लाथ। সারি সারি, কত গণি— অসংখ্য সোপান-শ্রেণী উঠিয়াছে গঙ্গা-তীর হ'তে। স্থচির-যৌবনা কাশি! তব পূত জল-রাশি চিরান্ধিত রহিবে এ চিতে!

### त्रक्रावली।

-

নিরিবিলি বন ; মধুর পবন কাঁপিছে কুম্বম-বাদে: পূর্ণিমার শশী শুল মেঘে বিদি; জোভনায় ধরা ভাসে। বকুলের তলে দাঁড়ায়ে বালিকা, করেতে লতার ফাঁসী ! মু'থানি আনত, ছদয় কম্পিত আঁথি-জলে যায় ভাসি। উড়িছে অলকা মৃছল সমীরে, ছলে যেন কাল ফণী। তন্তে জোছনা পেতেছে বিছানা উপমার উপমা-থানি ! অনুভবি চিতে— পারেনি যুঝিতে, মেনেছে রণেতে হারি ! অতি ঘোর তৃষা--- বালিকা বিবশা, সমুখে শীতল বারি!

#### প্রতিমা।

বিমল শরৎ-শণী, অতি নিরমল নিশি, জোছনার রূপ-রাশি

দেখেছিল তার গো! বিকসিত ফুল-বনে, স্থবাসিত সমীরণে, সেই চাক্ল চক্রাননে

বিষাদ-আঁধার গো। ! পা-হুটি ছড়ায়ে—বসি, আঁচল প'ড়েছে থসি,

শিথিল কুস্তল-রাশি
লুঠিছে ভূতল গো !
চাহিয়া চাঁদের দিকে
কি দেথিছে অনিমিথে ?

অধর উঠিছে কেঁপে,
নয়ন সজল গো!

## চন্দ্রাবলী।

.

डेज इ हां मिनी, सधूत यां मिनी, বাজই শ্রামক বাঁশী। স্থুথ বিলাইয়ে, প্রেম ছড়াইয়ে কুটই **কুস্থ**ম-রাশি! একলি, সজনি, কুঞ্জে একাকিনী, কাহে লো পরাণ বাঁধি। ্ছিয়াছর ছর্, নয়ন সজর, দারুণ প্রেম-বেয়াধি! সদা ভাবি মনে, বসি নিরজনে মুছিব নয়ন বারি। কি বিষাদ-তাপে এ রিঝ উত্তাস কি জানাব, সহচরি। ্যত চাপি, সথি, তত পোড়া আঁথি কোথা হ'তে ভ'রে আসে। গরিমা, গুমান, লাজ, অভিমান, সবি তার যায় ভেসে।

বুঝালে বুঝে না, সমন মানে না, কত বা গুমরি রোই! গুনে গুনে পিয়া, কাঁদি ফুকারিয়া, পরাণ ফাটিল, সোই! ক'রো না লো মানা, সরম দিয়ো না, জান না উপেথা-জালা। ঢাকা তুষানল, এ হ'তে শীতল কি আর কহিব, বালা! বনে বনে ফিরি, মুছি আঁথি-বারি, শ্রামক দরশ লাগি। কোন পথে আসে, কোন পথে যায়-ধরিতে ত নারি, স্থি! নিঠর কালিয়া, কভু ত ভুলিয়া এ পথে আদে না, সোই! ক্ষণেকের তরে দেখি আঁখি ভ'রে, বহু ত পিয়াসী নাই ! রাধা রাধা বলি, ভামক মুরলী,

महे ला, शाहिष्ह शान !

তবুত আমার

ক'রে, সই, আন্চান্!
ভাম-প্রেম লাগি কি না পারি, স্থি,
হইব রাধার দাসী,

এ সাধ মিটাব,

তবুত হেরিব,
ভামক মধুর হাসি!

#### यथूत्रा-धारम ।

মা লো, মা লো, সথি, মা লো

বারেক মথুরা-ধামে !

লুকায়ে গুনিবি সেথা,

বাঁশী বাজে কার নামে ?

এমনি যমুনা-জল,
কুলে কুলে চল চল,
বহিয়া কি যায় সেথা

নিশ্ন কুঞ্জ-বন পাছে ?

সেথা কি কদম-মূলে
শিখিনী নাচিয়া বুলে ?
মথুরা-বাসী কি সেথা
খ্যাম-নামে মরে বাঁচে ?
পরে কি না পাঁত-ধড়া,
খুলে কি কেলেছে চূড়া ?
গলে বন-ফুল-মালা
খ্যাছে কি শুকায়ে গেছে ?

#### মান-ভঞ্জন।

এক্ পাশেতে একাকিনী আপন-মনে ব'দে আছি,
ছোট ছোট মেন্নে-গুলি এগিয়ে এল কাছাকাছি।
আধ আধ, বাধ কথায়, ছাই-পাশ-ছাই বকে কত!
সাধটা মনে তাদের সনে হ'ব মিষ্টালাপে রত!
আজ্কে আমি মান ক'রেছি, রইলুম হ'য়ে মৌনব্রত,
ভাব্ছি মনে দেখ্ব এরা রকম-সকম জানে কত!

বারেক হ্বার চেরে চেরে, ভাবটা বৃঝি বৃঝ্লে তারা, হাসি-খুসি মুখ-খানা আজ্ কেমন তর আঁধার-পারা! ভেবে চিস্তে অবশেষে, মনে ক'রে আঁচা-আঁচি, ছোট ছোট হাতে খিরে, জুড়ে দিলে নাচানাচি! এমন শক্ত জাল ব্নেছে,—সাধা নাই যে খুলে বাঁচি! মাঝ-খানেতে গাঁথা প'ড়ে, অবাক হ'রে চেরে আছি!

কিন্তু তবু তেমনি ধারা, মুখ-খানা আজ্ বড়ই বাঁকা,
ছোট ছোট বুকের মাঝে ঠেক্ছে কেমন কাঁকা-কাঁকা!
গুড়ি-গুড়ি বুড়ী হ'য়ে সমুপেতে কেউ বা এল,
সজল চোথে শুক্নো মুখে কেউ বা কোলে ব'মে রৈল!
কচি আঙুল মুখে পুরে দিলেন একটি শেয়ানা মেয়ে,
ভাবটা যে তাঁর—না বুঝি নয়, আন্বেন হাসি আঁক্ষি দিয়ে!
মুখের উপর মুখটি দিয়ে আদরে কেউ জড়ায় গলা!
মরি হেসে, জান্লে কিনে সাধাসাধির পুরো শালা ?

#### স্থা না গরল।

-reseso-

ব্ঝিতে পারি না, স্থা, বল, এ কি প্রেম ?—স্থা, না গরল ? শিরা উপশিরা যায় জোলে. জুড়ায় না প্রলেপন দিলে, বুঝি তবে প্রণয় গরল! বল, স্থা, বল মোরে তবে, প্রেম যদি কালকূট হবে, ত্যজিতে পারি না কেন তারে ? রাখি কেন বুকের মাঝারে ? মাঝি কেন ছানিয়া ছানিয়া ? ---তবে বুঝি, প্রণয় অমিয়া ? পড়িয়াছি সন্দেহের ঘোরে. দেহ, সথা, বুঝাইয়া মোরে। বল, প্রেম--স্থুথ, কিম্বা চুথ গ কেন হেন ফাটে বুক ? বল প্রেম—তাপ, কি হিমানী ? কেন এতে মরে এত প্রাণী।

#### প্রত্যাখ্যান 1

বৃথার বতন, হার, কভু পারিব না !
পাষাণে রোপিতে লতা
কে কবে পেরেছে কোথা ?
কঠিন পাষাণ-হাদি, তাহা কি জান না !
কেন বৃথা দিবানিশি ঢালিতেছ আঁথি জল,
ভিজাতে নারিবে তিল, শুখানো এ মকস্থল !
হলনার উষ্ণ বারি
সিঞ্চিলে সিঞ্চিতে পারি,
কোমলা ব্রততী তুমি, শুখাইরা যাবে তার !
এ নহে তমাল-তর্জ, এসো না প্রসারি কার ।
কীট-দই স্থাপু এ যে—কীটে হাদি জর জর,
কেন আলিকিয়া তারে জীর্ণ হবে নিরস্কর !

#### त्रांगी।

পারি না যে আর দেখিতে তাহার উৎফুল আনন হাসি ; ক্লেহের কলিকা কিশোরী বালিকা

হৃদয় আনন্দ-রাশি।

হায় ! সবে ফোটে মুখে নব উষা রাগে যৌবনের মধুরতা !

> লাজ-নত আঁথি সবে ওগো বলে। প্রেম আগমন কথা।

ওরে ! জীবস্তে সমাধি হইয়াছে তার চির অরকার মাঝে !

रवार्त्यनि रय वाला करत्र त्थना ध्ना

স্থ হাসি মুথে রাজে!

হায় ! উৎসাহ আশা জলিছে নয়নে, সবে সাধ সমাবেশ ; পারিনে ভাবিতে হয়েছে যে তার সকল সাধের শেষ!

নিয়ে যা রে দ্রে নয়ন অস্তরে জলস্ত যাতনা খানি.

মন-নেত্র হ'তে কি করে মুছিব তোমার মূরতি রাণি!

# উৎকণ্ঠিতা।

উঠিয়া বসিয়া, পথ নির্থিয়া,
চমকি চমকি রাই;

নিশি অবশেষে শুতিয়া পড়িন,
বঁধুয়া আসিল নাই।
লতিকা-বিতান ছলাইয়া খন,
বহিল প্রভাত-বায়;
মূহ মূহ কুহ, গাইল কোকিল,
পাপিয়া ডাকিয়া বায়।

অরুণ নয়ন, শাস ঘন ঘন,

অধর উঠিছে কাঁপি,

नशरनत वांत्रि, नशरन निवांति,

ছ' করে হৃদয় চাপি;

বলে, "থুলে দে রে . কুস্থমের সিঁথি খুলে নে কমল-মালা,

मिन पृथिका, शृद्ध त्रवि-दिश्रा,

এল না, এল না কালা !"

ছিঁড়িল টানিয়া কুস্থম-আঙিয়া, অনেক আশায় গাঁথা,

মিছে কুল-লাজ, মিছে ফুল-লাজ,
মিছে ফ্লন্লোর বাগা।

### আত্মিক মিলন।

উপেক্ষিত দেহ বটে তা'র
তুদ্ধ এই জড়ত্বের কাছে;
কিন্তু তাথে কি' অভাব আর
আত্মা সে আত্মার বদি রাজে?

যদি নিশি দিন নীরব ভাষায়
কদরের কথা আদে যায়;
তবে কেন চাকুষ মিলন,
বিরহে বা কিসের বেদন ৪

# স্নেহময়ী।

সর্বস্থা ধরণীর মত ছিলে দেবী এই নিলয়ের;
স্বেহময়ি করণ নয়নে হেরিতে গো মুথ সকলের।
করণার ছবি যেন এঁকে আননেতে গিয়েছিল রেথে!
শত কোটী জননীর হাদি দিয়ে গড়া বিপুল হাদয়,
দাস, দাসী, প্রতিবাসী আদি, মা বলে জানিত সমুদয়।

জদয়ের নীড়ে মা, তোমার, মোরা সবে বেঁধেছিছ বাসা,
জননি গো কার ডাক্ শুনে ফেলেগেলে আকুল নিরাশা।
যেতে যেতে ফিরে ফিরে চেয়ে ভেবেছিলে যাহাদের কথা,
সেগা থেকে কর আশীর্কাদ, তারা কেহ নাহি পায় বাথা।
যেতে থেতে ফিরে ফিরে ছেয়ে দেখেছিলে যাহাদের মুথ,
তারা যেন তব আশীর্কাদে তুচ্ছ করে মিছা স্থপ ছথ।
ধৈর্যে ধরা ছদিথানি লয়ে, শোক ছঃখ অবিরাম সয়ে,
পেয়েছ যে অমৃত আলয়, যেন তাহা চিরদিন রয়;
সংসারের শোক ছঃখ ভার, পরশে না যেন সেই ছার।
সাজাইতে আসন তোমার, আগে চলে গিয়াছেন যাঁরা,
ঘেরিয়া তোমার চারিধার, প্রেম-অশ্রু ফেলিছেন তাঁরা।
তবে,

আজিকার দিনে গো জননি ভূলে বাও মান মুথ গুণি!
ভূলে বাও মিলন-আনন্দে হেথাকার হুঃথ-অঞ্ধারা।

# স্মৃতি বা অশান্তি।

প্রাণের বাসনা যত করিয়াছি বিসর্জন। শান্ত হদি, শান্ত নিশি, শান্ত খ্রাম উপঁবন ; ক্ষণে ক্ষণে কার লাগি পুনঃ আকুলিত মন গ নিজন হৃদয়-পুরে দেখিলাম ঘুরে ফিরে কেহ নাই, কেহ নাই, ঘোর স্তব্ধ এ ভবন: উৎসাহের, আনন্দের সাধের সমাধি-ভধু, ---আর রুদ্ধ আশ্রু প্রস্রবণ। প্রাণের বাসনা যত করিয়াছি বিসর্জন। বিদিয়া সমাধি পাৰ্ষে স্তব্ধ আঁথি, স্তব্ধ প্ৰাণ; ধীরে ধীরে আসে মনে শত পুরাতন গান। খুলিতে খুলিতে পাতা লয়ে শত পৃষ্ঠা থাতা ওই গো এসেছে শ্বৃতি বিষাদে ছাইতে প্রাণ--(ধীরে ধীরে আসে মনে সেই পুরাতন গান) क्यन निष्ठं कांक कि निर्वेत्रमना नाती, যেতেছে নিভে যে বহিং পুনঃ শিথা জালে তারি। দহিয়া দগধ-বুক, বুঝি না কি ওর স্থধ, অশান্তি রাক্ষদী ওই—স্থতি নামে বিচরণ ; —শান্ত হৃদি, শান্ত নিশি, শান্ত শুম উপবন।

# তুই ভাই।

একে চায় রাথিবারে, অন্তে টানাটানি করে,
—জীবন মরণ ছটি ভাই।

মধ্য পথে দাঁড়াইয়া, অবাক বিশ্বিত হিয়া;
ওরে আমি কারেও না চাই!
পলে পলে মৃত হ'তে, কে চায় জীবিত র'তে,
তিল আধ তাহে সাধ নাই।

মরণের মাঝে গিয়া, লভিতে নৃতন হিয়া,
নব প্রাণ, তাও নাহি চাই।
বল দেখি, কোথা তবে যাই?

# বিরহিণী।

মরিতেও সাধ নাই, জীবনেও নাই স্থপ,
কি জানি, কি ক'রে গেছে, বঁধুর মধুর মুথ!
পরাণে অনল অলে, নিবাইতে নাহি চায়,
অলিতেছে দিবানিশি, আরো দহে সাধ যায়!
মিলন মধুর ছিল, বিরহও মধু তার!
নহে, কোনু সাধে এবে বহে জীবনের ভার?

#### মাতা।

সাধ যায় সারা ক্ষণ ঘুমাইয়া থাকি,
তোমার শীতল কোলে মুদে প্রান্ত আথি,
যাতনার গুরু ভার, কিছুতে সরে না আর;
লঘু কিছু করিলে রোদন,
আর, হ'লে ঘুমে অচেতন।
হায়! নিজা দে হইয়া বাম, ছেড্ছে সাধের ধাম,

বুঝি স্থান পার না সলিলে,
কাছে আসে ভেসে বার চ'লে।
আপেকার মত করে ঘুম পাড়াইতে
আর কি পার গো মাতা, ভুলে বাই সব বাধা,
ঘুমাইরা ওই পুণা কোলে।

#### শ্ৰশান।

নিভিয়াছে চিতানল ?
নেভেনি, নেভেনি।
যে শিথা জাহ্নবীতীরে,
জলিয়াছে ধীরে ধীরে,
দেখহ প্রতাপ তার
হৃদয়েতে মোর;—
পাইয়া ইন্ধন চির
জলিছে কি ঘোর!
এই চির প্রজনিতা
স্রথের প্রদীশু চিতা

জলুক অনস্তকাল।

—না চাহি নির্বাণ;
গুধু সহিবার বল,
আর চাহি অক্রজল,
রাখিতে জাগারৈ চির

প্রেমের খাশান!

# প্রেমময়ী।

মনের মাঝারে যদি দেখাবার হ'ত, সই,
তবে দেখাতাম খুলে, কত যে যাতনা সই !
হয় ত দেখিতে পেলে,
ঘুণা ক'রে দিতে ফেলে,
আবরণে আছে ভাল ; কিন্তু বড় বোঝা বই
—কিষা, আরো ভালবাদে
যেতে এ পরাণে মিশে,
যেমন জলেতে জল, হ'রে যেতে প্রাণমই !

## বিধবা।

প্রাণের মাঝে শ্বশান-ভূমি, চারি দিকে উড্ছে ছাই;
শকুনি, গৃধিনী, শিবা—হৃদি নিয়ে ঠাই ঠাই।
কোলাইল, বিবাদ বাঁধে, কেবল টানাটানি করে,
স্বথ, সাধ, আশা, ভ্রা, মরিছে সস্তাপ-জরে।
কোণায় কোন্ অন্ধকারে প্রেভাত্মা করিছে বাস!
মাঝে মাঝে ডাকে কারে,—শোনা যায় দীর্ঘ-খাস!

# পথে কে চলেছে গাই'।

অশ্র-জলে ভরা আঁখি, তারে না দেখিতে পাই, নীরব নিশীথ পথে কে দ্রে যেতেছে গাই' ?
কত দিন—কত দিন—কত দিন পরে আজ,
হেরিতে মানব-মুথ হৃদয়ে হ'তেছে সাধ!
দাঁড়াও দাঁড়াও, পায়, ফণেক দাঁড়ায়ে যাও,
কি গান গাহিতেছিলে বারেক আবার গাও।

প্রতি নিশি শুনি গান, পথে চলে কত লোক,
গোরে যায় কুল্ল ব্যথা, কুল্ল স্থা, ছখ, শোক।
সমীরণে ভেদে আদে, সমীরণে ভেদে যায়,
কথাতেই অবসান, কণায় জনম কায়।
জানি না, জানি না কেন আজিকে তোমার গানে,
অতীতের স্থতি-শুলি স্বপ্ল-সম আদে প্রতিশ্র

যাতনার উৎস ছুটে,
আগ্নেয় ভ্ধর ফেটে,
নীরবে দহিতেছিল প্রাণের গভীর-তল;
ও তব আকুল তান
আকুল করিছে প্রাণ,

গাও, গাও, গাও, পাছ, নয়নে আসিছে জল।
আশায় উছসি ওঠে আকুল মরম-তল।
মধুর জোছনা-নিশি, ও তব মধুর গান,
অশরীরে স্থ-ছায়া প্রাণে করে নিরমাণ।
বে ফুল ফুটবে দূর—কালের নন্দন-বনে,
কুঁড়ি-গুলি যেন তার কয়নায় আসে মনে।

# সমাধিস্থান।

বিস্তীর্ণ প্রান্তর পরে উঁচু নিচু শির ভুলি, কুয়াশা-আচ্ছন হ'য়ে জাগিছে সমাধি-গুলি। কতগুলা আধ ভাঙা, হেথা হোথা ইট প'ডে. জানাতেছে বহদিন যে গেছে পৃথিৰী ছেড়ে ! কোথাও বা লতা, গুলা ব্যাপিয়া সমাধি হিয়া; শৈবালে ঢেকেছে চিহ্ন শ্রাম আবরণ দিয়া। জানিতে দেবে না হায় কে অভাগা আছে হেথা. পেরেছিল কত ক্লেশ, পেয়েছিল কত ব্যথা ! ফুটেছিল প্রাণে কত আশার মুকুল-রাশি! আধ-কটো ফল কত গুৰায়ে গিয়াছে থসি গ কেমন হৃদয় ল'য়ে এসেছিল অবনীতে. জানি নাক কত দিন গিয়াছে এ ধরা হ'তে। এ হেন নিৰ্জ্জন স্থানে, ফুল-সাজি ভূমে ফেলে, একাকিনী অভাগিনী কে ব'সে সমাধি-স্থলে ? পা হ'থানি ঝুলাইয়া, জাতু পরে হস্ত রাখি, এলোথেলো কেশ বেশ, মুদিত কোরক আঁথি ! বহিছে নিষাদ মৃত্, কাঁপিছে অধর ছটি,
কম্পিত হিরার মাঝে কি ভাব উঠিছে কুটি ?
মগনা কাহার ধ্যানে, বাহুজান গেছে ছেড়ে—
পাষাণ মুরতিথানি কে যেন গিয়েছে গ'ড়ে!

## পর্বত প্রদেশ।

নীল উচ্চ শির তুলি
স্থদ্রে পাহাড়-গুলি
মেবের কোলের কাছে মেবের মতন,
বেন এক-থানি আঁকা ছবি স্থশোভন।
শীতের প্রভাত-কালে,
আছের কুরাশা জালে,
এথনো কোটেনি ভাল—স্থনীল বরণ।—
ধ্যে ঢাকা ভশ্মনাথা সন্নামী বেমন।

অরুণ, পূরব ধারে জলদ রঞ্জিত করে,

ঢালিয়া সিন্দুর রাশ রাশ; উপত্যকা, বন-ভূমি, কিরণ--জাগায় চুমি, প্রকৃতির মুখে অর্থাস। নব ছক্ম মাঠ পরে, মুকুতা ঝলিত করে নিশির শিশির-কণা-চয়; শ্রামল তুণের পরে স্থদূরে হরিণী চরে, মৃদ্ধ শব্দে চমকিত হয়। स्मीन रेभरनत कांस, শৈবাল আবৃত তার; ঝবণার ঝর্মর পতন. দ্রবিত রজত রাশ, ফলিত অরুণ-হাস, পতিত মুকুতা-প্রস্রবণ। দিগত্তে মেঘের গায়, তর-শির দেখা যায়, মোটা কালো রেথার মতন। নারিকেল-তরু-সারি, দাঁড়াইয়া সারি সারি, পিছে তাল, স্থপারির বন।

# পাড়া গাঁ।

রোদ্ উঠেছে, ফুল ফুটেছে,
ঘাসে শিশির মেলা;
চুপ্ডি হাতে, যায় ক্ষেতেতে,
প্রাতে রুষক-বালা।
শীতের প্রভাত, নয় প্রতিভাত,
কুয়ার খুঁয়ায় ঢাকা;
স্থদ্র দ্রে, নাই কিছু রে,
কেবলি ধ্ন-মাথা।
তুলছে খুঁটা, কলাই শুঁটা,
কলাই শুঁটা,
কলাই শুঁটা,
ব্দতের মাঝে ব'দে;
বালক রবির, সোণার কিরণ,

ছোটছোট, হ'লদে ফুলে.

স'রষের ক্ষেত আলা:

পুরব ধারে, মেঘের শিরে,

রাঙা সোণার থালা।

গাছের খোপে, • ঝোপে ঝাপে,

পাথীর বাসা বাঁধা:

কাঁপিয়ে ডানা, চিঁ চিঁ ছানা,

मारयद्य ठीं कि जाना।

পথের ধারে, ঝিলের তীরে.

বক শাদা শাদা:

থেজুর গাছে, গলার কাছে,

কলদী-গুলি বাঁধা!

কুঁড়ের পিছে. তালের গাছে,

বাবুই বাসার সার।

কি চাতুরী,

কারি-গরি

যান্ত্র মানে হার।

#### স্থা।

বকুলের ডালে বসি গাহিতেছে পাপিয়া, স্থান আকাশ, বন, স্থারে দেছে ছাপিয়া! - ছপুরে নিজন ঘর, বায়ু বহে ঝর ঝর, পাতাদের সর সর, লতা ওঠে ছলিয়া; ঝ'রে ঝ'রে পড়ে ফুল, ঘুমে আঁথি ঢুলু ঢুল, শিথিল কবরী চুল পড়িয়াছে খুলিয়া। ্ আধ তক্তা, যুম-ঘোর, স্বপনে পরাণ ভোর! মৃত্ স্বাদে হৃদি-থানি উঠিতেছে কাঁপিয়া। মলিন অধর ছটি, ধীরে হাসি ওঠে ফুটি, ছ' বিন্দু মুকুতা-অঞ্, স্থ-সাধে চাপিয়া !

## কবি.।

সর্ সর্ তর্ তর্জিগী কুল কুল;
নিবিজ নিধের শ্রেণী; নিগ্ন, শ্রাম উপকুল।
স্থল্বে স্থনীল শৈল, পরশিয়া নীলাম্বর;
সায়াহ্ণ গগন-পটে কাঁচা স্বর্ণ মেঘ-স্তর।
তরঙ্গের ঝিকিমিক, গাহে বিহঙ্গম-কুল,
তরু-মূলে ব'সে কবি, ভাবে আঁথি চুলু চুল।
ভাসা ভাসা চোথ হুটি, থেকে থেকে শ্রে চায়,
সহাস অধর ছুটি, কুন্তলে লুটিছে বায়।
না জানি কাহারে দেখে, কাহার ভাবেতে ভোর!
সাধ যায়, দেখি গিয়ে—লুকায়ে পরাণ ওর!

#### কে তোরা ?

কে তোৱা চাঁদের হাট, এলি কোন্স্বর্গ হ'তে, আগুলে দাঁড়ালি পথ, বাঁধিতে সংসার-স্রোতে! জীবনটা যেতেছিল এক-টানা নদী যেন, কোথা হ'তে এসে তোৱা, উজানে বহালি হেন! এই কি ভোদের কাজ, বেঁধে ছেঁধে, ঘিরে ঘুরে, রাথিতে, শতেক পাকে, সংসার-গারদে পুরে! বেঁধে স্থথ পাস্ যদি, না হর বা বাঁধা রই! ফেলিয়া ত যাবি নাক, খেলিয়া ছদিন বই ?

## হাত-ধরাধরি ক'রে।

জীবনের স্রোভন্থিনী অনস্তের পানে ধার,
মিশারে স্মুদ্র কারে, সমুদ্র হইতে চার।
তুমি কেন তা'র লাগি সদা কেঁদে কেঁদে মর!
অশ্রু-জল-প্রবাহে সে ক্ষীণ কারা বৃদ্ধি কর!
সলিল-বিষের পানে একবার দেখ চেয়ে।
রহৎ বিষের পাশে কেমন সে মেশে ধেয়ে।
জগতের এই রীতি, কে তোর দোসর বল,
আঁকড়ি আছ যে প'ড়ে, কাহার সমাধি-তল?
মিছে আর কা'র তরে আছ বাল্ প্সারিরা,
দেখ না যেতেছে চ'লে সবে ওই কাঁকি দিয়া!

পতস ছুটিয়া গিয়া অনল-সৌন্দর্য্যে মরে !
প্রোণের এ আঁকু-বাঁকু অনস্তে পাবার তরে ।
শিশুর মতন কাঁদি গড়াগড়ি দিয়া ভূমে,
রোদন করিছ মিছা ভ্রম-কুহেলিকা-ধ্মে !
দীর্ঘ্যাস—উপহাস, মুছে ফেল অঞ্জল ;
জগত যেতেছে ছুটে তোর কেন নাহি বল ?
কোণা বাঁকা-চোরা নাই, সকলি কি সমতল ?
চোথ খুলে চল চ'লে, উছটে ম'রে কি ফল ?
থকাকী ত এলি ছুটে, একা যেতে নাহি বল ?
হাত-ধরাধরি ক'রে চল্ সবে যাই চল্।

## शीदत्र शीदत् ।

কাছে এসে আধ-পথে কি ভাবিয়ে ফিরে যায় ?
মরমে উঠিয়ে সাধ প্রকাশিতে ম'রে যায় !
বলি বলি ক'রে কথা, রজনী করিল ভোর ;
চেয়ে চেয়ে পথ-পানে, চৌথে এল ঘুম-ঘোর!

বাতাদের শাড়া পেলে চমকি দূরেতে যায়-মনে কি বুঝে না মন, আপনা চেনে না, হায়। ফুটিছে মলিকা নব, ছুটিছে দক্ষিণা বায়; প্রকৃতি কুন্তল মাজি কুসুমে সাজায় কায়; কোকিল কুহরে কুহু, পরাণে প্রেমের ঘোর; বসম্ভের অনুরাগে শীতের যামিনী ভোর। চরণের শত বাঁধা ফেলো ফেলো খুলে দূরে! আঁথিতে রাখিয়া আঁথি দেখ সারা-নিশি পুরে! কি কথা র'য়েছে ঢাকা বল গেয়ে মৃতু গান, হৃদয়-ত্যার খুলে প্রাণে তুলে লও প্রাণ ! আশার স্বথনে থেকে বহিয়ে যে গেল বেলা. কথন খেলিবে আর সাধের প্রাণের খেলা ? দিগন্ত আধার ক'রে আসিছে তামসা নিশি. এই বেলা ধীরে ধীরে পরাণেতে যাও মিশি !

#### লাধ-খানা।

কি এক স্থপন-ছোর মরম-মাঝারে গো. অজানা বিরহ-তাপে আকুল নিঃখাস! প্রফল্ল যৌবন-বনে. স্থপদ বসন্ত-দিনে কার স্থৃতি ব'হে আনে কুস্থম-স্থাস! তটিনী তটের কলে ব'হে যায় ছলে ছলে ঘুমন্ত পরাণ চাহে মেলিতে নয়ান! কোন দেশে কোথাকার— মনে পড়ে বার বার —চেন চেন আধ মৃত্ন সোহাগের গান! জোছনায় রাশি রাশি উছলি এসেছে হাসি, পিছায়ে র'য়েছে কোথা তার প্রেমমুথ! এই দেখি—এই দেখি, আঁখিতে না মিলে আঁখি, আকল উচ্ছাস ভরে, কেঁপে ওঠে বুক! স্থনীল দিগস্ত হ'তে আরেক দিগত্তে পাথী উড়ে যায়, গেয়ে যায় গান; বুঝিতে পারি না, হায়, কি হস্তাদ দিয়ে যায়, উদাস হইয়া রাম প্রাণ !

মরমরি লতা পাতা,

কহে যেন বাতাসেতে হলে;
কে যেন আমারে চায়

চেউ গণি সমুদ্রের কুলে!
আকাশের পানে চাই— তারা-শুলি আছে চাই,

জেগে কারে দিতেছে পাহারা!
প্রকৃতি চ'লেছে গাই,
আগে সিকু—না পাই কিনারা!

## প্রিয়তম।

উপলিয়া ওঠে ফদি, প্রেম-পারাবার,
ভেঙে ফেলে দিতে চায় বাফ আবরণ!
মনে পড়ে কত কি যে উষার, সন্ধ্যার—
শ্রবণ-বধির-কর তরক্ষ গর্জন!
অক্ষুট মুকুল কত গল্প-ভার নিয়া
ভ্রথাইয়া গেছে ঝ'রে নিদাঘ-দহনে;
বিফল সাধের ছায়া পরাণে লুকিয়া
বিরলেতে মুছে অঞ্, কাঁদিয়া গোপনে।

আশা ত জলিয়া গেছে, জানি নাক হার,
কোন হত্তে ঝুলিতেছে এ ভার জীবন ?
শুন্ত পথে ফিরিতেছে শুন্ত প্রাণ হার!
অলক্ষ্যে ফিরায় তারে কোন্ আকর্ষণ ?
কোণা হ'তে কার গীত আসিতেছে ভেসে,
আধাসি রাখিতে নোরে হৃদি হীন দেশে!

#### বর্ঘা।

আকাশ ঘিরে নেঘ ক'রেছে,
কানো আঁধার ছার;
কপার ডানা বকা মানা
কোথায় উড়ে যায়!
ভামের বুকে শোভে যেন
ভুইরের গড়ে-মালা,
কালো কেশের মাঝে যেন
মূক্তা মালার দোলা।
রংয়ের কোলে রং সাজানো,

বৃষ্টি ধারা বেঁধে ধরা
ধুলা গেল ম'রে;
গাছের পাতা, মাথার ছাতা,
কাঁদে অঝোরঝরে।
ভাঙ্গে হাট, দোকান পাট,
ভিজে চিঁড়ে ভাত,
আকুল পথিক এ দিক ও দিক,
মাথার কচুর পাত।

ইাস ছ-ধারি সারি সারি ভেসে বেড়ায় জলে,

ডিঙি বেয়ে, পালার মেয়ে,

বৃষ্টি এন ব'লে।

#### বাঁশরী। ———

>

বাঁশরীর রন্ধু দিয়া আসিছে কাহার হিয়া, সদয়ে করিছে পরবেশ ;

জানি না হরিতে প্রাণ কার এ গানের ভান, ভরিল যমুনা-কৃল্ দেশ।

কি ছার শবদে সাধা গাহে বাঁশী রাধা রাধা, দে কি গো জানে না আন ভাষ।

কুলবতী কুলনারী, নাম ধ'য়ে ডাকে তারি,

দেখা পেলে ঘূচাই পিয়াস ! টল টল, চল চল, চঞ্ল যমুনা-জল

স্বর শুনি অধীর পরাণ!

কম্পিত তরু লতা লাজে মর মর পাতা, কোকিলার কুউ কুউ তান। 2

নীরব নিশীথে মরি, কে গায় বাঁশীতে গান ?
পরশ কুরিছে হলে ও তার আকুল তান !
চকিত নয়ন হায়, শবদ অবেধি ধায়,
শত বাধা পায় পায়, উচাটিত মন প্রাণ।
কেন গো অমন ক'রে গাহে স্থমধুর স্বরে,
র'তে কি দিবে না ঘরে, টলমল কুল মান।
নীরব নিশীথে হায়, কে গায় বাঁশীতে গান ?

## গীতি-কবিতা।

স্থান কুন্তল গাঁথা, ভাবের কুস্থম-কলি,
কবির মানস-বালা, অতুলন রূপ-ডালি!
বীণার স্থতান গলে,
বচনে অমিয়া চলে,
নয়নে প্রেমের সিন্ধু, ফ্দরে সৌন্দর্য্য-রাশি!
প্রতি পদ-ক্ষেপে মধু,
প্রঞ্জরে ভ্রমর-বধু,
মধুরতা—মুখ বিধু ঠোঁটে সরলতা হাদি!

## কি বলিব হায়।

কেন প্রাণ কাছে কারো যেতে নাহি চার ?

গেছে বসস্তের দিন,

কুস্থম স্থবাস-হীন.

আজি বরিষার দিনে কি দিব তাহায়!

কি বলিব হার!

কিছুই সে নাই আর,

শুধু আছে অঞ্-ধার,
পরাণের হাহাকার পাছে পাছে ধার!
বল দেখি, এ নিয়ে কি কাছে যাওয়া যায় ?

আজি বরষার দিনে কি দিব তাহায়।

সরসী-জলে শশী।

কি দেখাও, সরসি ?

কদরে ধ'রেছ তুমি গগনের শশী।
আনন্দ-লহরী মেথে, গরবে উঠিছ কেঁপে,
হাসিতেছ টিপি টিপি দোহাপের হাসি।

ভাবিছ অমন চাঁদ, আর আছে কার? কচি মুখে সুধা হাসি, ঝরে সুধা ধারী হ'য়ো না, সরসি তুমি, মত অহকারে, ওই দেখ মাতৃ-অঙ্কে শিশু শোভা ধরে ! তব চাঁদ-মুথে মসী, कंन एकत मांग. মোদের চাঁদের মুখে নব তামরাগ! তব চাঁদ দিবা-নিশি ভাতি না বিকাশে, আমাদের অঙ্কে চাঁদ নিশি দিন হাসে। থেলিতে তোমার চাঁদনা জানে, সরসি, নক্ষত্ৰ-বালিকা মাঝে স্বধু থাকে বসি থেলিতে মোদের চাঁদ, তব চাঁদ সনে, ক্ষুদ্র তুই-খানি কর আন্দোলি সঘনে, কচি কচি দস্তগুলি, বিকাশিয়া কুন্দ-ক মনের হরষে ভাসে, আধ আধ ভাকে। আয় চাঁদ—'আই আই' ঘন ঘন দেব তাই. ছি ছি, কেন গো তোমার চাঁদ স্বধু চেয়ে গাকে!

## অনর্থ ব্যাকুলতা।

কেন আজি ভার এত পরাণ আমার,

অবসর হ'বে হাদি পড়িতেছে কেন ?
বাধ হর ধরা-থান শৃষ্ঠা, ধ্যাকার.

কি নাই—কি নাই, কারে হারারেছি যেন!
কি করিতে এসে হেথা, কি যেন হ'লো না.
ব'হে মরি প্রাণে যেন অভিশাপ কার!
সব আছে, স্থথ নাই, যেন আব খানা,
শৃষ্ঠা প্রাণ শৃষ্ঠা মন—বিরহে কাহার ?
প্রকৃতি, বুঝাও দেখি এ কাহার শোক ?
ব্রিতে পারিনি আজো কিসের এ ভোগ?

#### এস

উন্ত ক'রেটি জনি-কুটরের দার.
কে আছ আশ্রয়-খীন এস, এস ভাই!
সবারে রাথিতে প্রাণে সাধ মোর যায়,
সবার মাঝারে আমি মিলাইতে চাই!

ভাল বাসিতাম আগে বিরল নিজ্জন,
পরের মর্মার মৃছ, ঘুপুটর গান ;
এখন একেলা থাকা বড়ই যাতন,
উঠিছে প্রাণের মাঝে মিলনের তার !
তোমাদেরি স্থাথ ছথে দিশাইলা প্রাণ,
সাধ—হারাইব এই তুজ্জ স্থথ ছথ ;
তোমাদেরি মাঝে থেকে লভি নব প্রাণ,
দেখিবারে পাই যদি সন্তোবের মুথ !
এস সবে, পারি যদি হারাতে আপনা,
জাবন-সমুদ্ জলে কুদ্র বারি-কণা!

# উপসংহার।

আনত্তে ভাবিরা আন্ত হর যদি, ছোক্ প্রাণ,
তাই আমি চাই।
রাশি রাশি ধ্লা মাঝে মিশাবে ধ্লির কণা,
তাহে থেদ নাই

এই বড় থেদ মনে, সময়ে অমূল্য নিধি জেগে ঘুমাইয়া কত দিয়াছি ছাড়িয়া! এই বড় থেদ মনে, চিনিতে না পেরে রত্ন অযত্ত্বে অঞ্চল হ'তে ফেলেছি ঝাডিয়া। এ থেদ রহিল মনে, ় পাইরা ভাণ্ডার পূর্ণ ছুই হাতে নারিমু বিলাতে; পরের রতন সম, কুপণের ধন সম, আগুলি রহিমু দিনে রাতে। স্থবিশাল সিজ-হৃদি রহিল বেদনা মনে. ঢাকা নীল আকাশের তলে, কি তার বিশাল চেউ দেখিতে পেলে না কেউ. কত বৃত্ত দীপ্ত নীল জলে ! আমি ত অঙ্গার থণ্ড ছায়ে হব পরিণত, চিহ্ন মাত্র হইবে বিলীন: কে জানিবে যুগান্তরে সংখ্যার সমষ্টি-মাঝে

ছিল এক অতি মান দীন!

#### শেষ

লিখিবার সাধ 'শেষ', না পাই কিনারা,
অসীম অনস্ত-মাঝে হই দিশাহারা!
কিসের লিখিব শেষ, থেকে মাঝ-খানে ?
কে জানে কোগায় শেষ মানব পরাণে!
কোথা অশ্রু-পারাবার—দেখিতে না পাই,
হয়নি আশার শেষ বেঁচে আছি তাই!
তবে কি লিখিব 'শেষ'—গান সমাপন ?
হায় রে হবে কি কভু থাকিতে জীবন!
লিখিব কি তবে শেষ হ'লো অশ্রু-কণা ?
তা' হ'লে মুহুর্ত তরে আর বাঁচিব না!

# পরিশিষ্ট।

-0650500-

কে তুমি বিধবা বালা খুলিয়ে উদাস প্রাণ, আধ চাপা চাপা স্থরে গাহিছ থেদের গান ! দীর্ঘাদে কথাগুলি যেন ভেঙে ভেঙে যায়. সরমে হৃদয় যেন সব না ফুটতে চায় ! উচ্চসিত অশ্রুনদী প্রবাহিতে যেন মানা, অপাঙ্গে কাঁপিছে তাই গুধু এক অশ্রুকণা! প্রাণে যার মর্শ্ববিদ্ধ জীবস্ত জলস্ত আশা. মিশিব পতির সনে যদি থাকে ভালবাসা. দেহমাত্র ছাডাছাড়ি দেহ হ'লে ছারথার, ছটা দীপশিখা মিশে উভে হব একাকার. এমন বিশ্বাসবজে বাঁধান হৃদয় যার. তাঁর সমা সধবা গো! ভূমগুলে কোথা আর! আপনি প্রকৃতি সতী গাঁথি মালা নব ফুলে--নব পরিণয় তরে অনস্তের উপকূলে. দাঁড়ায়ে আছেন দেবী ধরিয়ে বরণডালা, চিরমিলনের স্থথ জাগিবে, জাগিবে বালা, বাসর আসর হবে মহাশৃত্যে মহালোকে, স্থার তরুণ কাস্তি নেহারিবে দিব্য চোথে,

পৃথিবীর ছুষ্ট বায়ু সেখানে পশিতে নারে, দেহের কালিমা-ছারা সেণা না পড়িতে পারে. প্রাণে প্রাণে সন্মিলন যমুনা জাহ্নবী পারা, অন্ত বিহারক্ষেত্র অন্ত অমৃতধারা, অনস্ত তুপ্তির মাঝে অনস্ত বাসনা নব, এই ত বিবাহ ভভ, এ বিবাহ হবে তব। পরলোকে দেখা হবে এ বিশাস নহে ভুল, নহে এ স্বশ্নের ছায়া, কল্পনা-লতিকা-ফুল ! যাও বিজ্ঞ দার্শনিক মানি না তোমার কথা. স্থারের হেঁমালি রম্ব শুষ্ক তর্ক কুটিলতা। আন এক প্রমাণু পুনঃপুনঃ কর ভাগ, সূক্ষ্ম হ'তে সূক্ষ্মতর সূক্ষ্মতম হয়ে যাগ. সেই স্কৃতম টুকু কার সাধ্য করে লয়, প্রকৃতি জননী যে গো। প্রকৃতি রাক্ষ্সী নয় যা' ছিল তা' রহিয়াছে, যা' আছে তাহাও র একেবারে নির্বাপিত নিংশেষিত নাহি হবে-ওই যে গাহিল পাথী, আবার থামিল গান থামিল মর্ত্তের কর্ণে, কিন্তু নহে অবসান, ও গানের প্রতি স্থর, প্রত্যেক কম্পন তার, বায়ুস্তর ছাড়ি আছে স্ক্র ব্যোমপারাবার,— সেথানে হিল্লোলে উহা অবাধে চৌদিকে ধায়, পৃথিবীর টানাটানি সেথা না যাইতে পায়, ওই যে ফুলের গন্ধ, ওই যে বাঁশীর রব,

ফুল যাক্, বাঁশী যাক্, শৃত্যেতে মিলিছে সব, শিশুটির কচি হাসি, যৌবনের প্রেমোচ্ছাস. যুগাস্ত বিরহ পরে মিলনের দীর্ঘাস. স্থ ক্য শিশু কোলে জননীক আশীর্কাদ. **্রেমের প্রথম অঙ্কে আ**ধকুটো যত সাধ— সেই শুন্তে তোলা আছে, কিছুই পায়নি লয়, প্রকৃতি গুছান মেয়ে, প্রকৃতি উন্মাদ নয়, শিশুকালে করেছি যে জননীর স্তনপান, শিশুকালে জননী যে করেছেন চুমুদান, সেই হৃদ্ধ, সেই চুমু, এখন গিয়াছে কোথা ? জীবনের গাঁটে গাঁটে বিজড়িত আছে গাঁথা। এই যে ফুটস্ত ফুল কালে ছিল কলিপ্রায়, কালিকার রবিকর লেগেছিল ওর গায়. আজ ত নৃতন রবি নব কর করে দান. কালিকার রবি তবু ফুলটিতে বিদ্যমান, যা' ছিল তা' উবে যাবে, এ কভু সম্ভব হা, প্রকৃতি জননী যে গো প্রকৃতি রাক্ষ্সী নয়, আকর্ষণ-শক্তিবলে কেন্দ্রস্থিত চারিধার. গ্রহ উপগ্রহ লয়ে ছোটে সৌর পরিবার. প্রত্যেক অণুটি টানে অণুরে আপন কাছে, স্থুদূর হলেও আঁট। স্থমেরু কুমেরু আছে, চক্রের আভাসমাত্রে সমুদ্র উথলে উঠে, কেন্দ্ৰপ্ত ধৃমকেতৃ সেও' স্ব্যাপানে ছটে.

शनत्य अनय होत्न, थाकूक ना वादधान, মশানে শ্রীমন্তে বাঁধে, শ্রীমন্ত ফুকারে কাঁদে কৈলাদে কৈলাদেশ্বরী আকুল ব্যাকুল প্রাণ হর্কাদার চক্রে পড়ি দৌপদী আপনাহারা. হেথায় দারকাপুরে যতুপতি ভেবে সারা এ নহে প্রলাপবাক্য, প্রকৃতির পরিচয়, ভালবাসা মোহমন্ত্র, স্বধু আকর্ষণ নয়, ণাকুক না প্রিয়জন সপ্তর্ষিমণ্ডল পার, शांदक रहि जानवामा, अवश श्रुतितव आभा. শত বিল্ল অতিক্রমি মিশিব পরাণে তার। থাকক না প্রিয়জন সপ্তর্ষি মণ্ডল পার। লক্ষ্য রাখ পতি প্রতি কায়মনোবাক্যপ্রাণে— স্থিরদৃষ্টি অরুদ্ধতী যেমন গ্রুবের পানে, আবার মিলন হ'বে যমুনা জাহুবী পারা, অনস্ত বিহার ক্ষেত্র অনস্ত অমৃত ধারা, অনস্ত তপ্তির মাঝে অনস্ত বাসনা নব, এই ত বিবাহ গুভ, এ বিবাহ হবে তব।

